

নাহিদ রানার দীর্ঘশ্বাস কতটা

৩-এর পাতায় দেখুন


দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR


ইসরায়েলে নেতানিয়াহুর 'ট্রাম্পকার্ড' কি আর কাজে দিচ্ছে

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-৩০ ॥ ঢাকা বৃহস্পতিবার ৩০ জুলাই ২০২৬ ইং ॥ ১৫ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ১৫ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা

# শিল্পখাতে গ্যাস সংকট কাটাতে সমাধানের আশ্বাস প্রধানমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার :** শিল্পখাতে গ্যাস সংকট সমাধানে উদ্যোগ নেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সময়োপযোগী সিদ্ধান্ত না নেওয়ার কারণেই শিল্পখাতে গ্যাস সংকট তৈরি হয়েছে বলে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে তুলে ধরেছে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ)। বুধবার (২৯ জুলাই) সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে এ তথ্য জানান বিটিএমএ সভাপতি শওকত আজিজ রাসেল।



শওকত আজিজ রাসেল বলেন, সময়মতো প্রয়োজনীয় সিদ্ধান্ত না নেওয়ার কারণে শিল্পখাতে গ্যাস সংকট তৈরি হয়েছে। তবে প্রধানমন্ত্রী তারেক রহমান বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়েছেন এবং সংকট সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আশ্বাস দিয়েছেন। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী টেক্সটাইল খাতের বর্তমান পরিস্থিতি বোঝার চেষ্টা করছেন। এ খাতের সমস্যা সমাধানে সরকারের আন্তরিকতায় উদ্যোক্তারা উৎসাহিত বোধ করছেন।

তিনি জানান, পুরোপুরি বন্ধ এবং আংশিকভাবে ক্ষতিগ্রস্ত কারখানাগুলোর কোথায় কী ধরনের সহায়তা প্রয়োজন, তা চিহ্নিত করতে উদ্যোক্তাদের কাছ থেকে বিস্তারিত প্রতিবেদন চেয়েছে সরকার। এসব তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৬.৪৫ বিলিয়ন ডলার

**স্টাফ রিপোর্টার :** দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ কয়েক মাসের ঊর্ধ্বমুখী ধারাবাহিকতা ধরে রেখেছে। সর্বশেষ হিসাবে মঙ্গলবার (২৮ জুলাই) দিন শেষে বাংলাদেশ ব্যাংকের গ্রস (মোট) বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে ৩৬ দশমিক ৪৫৭ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে।

একই সময়ে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বিপিএম-৬ হিসাব পদ্ধতিতে ব্যবহারযোগ্য বা নিট রিজার্ভ দাঁড়িয়েছে ৩১ দশমিক ৭৪৯ বিলিয়ন ডলার।

বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ অ্যান্ড ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগের সর্বশেষ হালনাগাদ তথ্য অনুযায়ী, জুলাই মাসজুড়ে রিজার্ভ ৩৬ বিলিয়ন ডলারের ওপরে রয়েছে। ৬ জুলাই গ্রস রিজার্ভ ছিল ৩৭ দশমিক ৮৫ বিলিয়ন ডলার। পরে এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (এসিইউ) আমদানি বিল পরিশোধের পর রিজার্ভ কিছুটা কমে এলেও তা আবার ৩৬ বিলিয়ন ডলারের ঘরে স্থিতিশীল রয়েছে।

১৩ জুলাই রিজার্ভ ছিল ৩৬ দশমিক ৫৫ বিলিয়ন এবং ১৬ জুলাই ৩৬ দশমিক ৬৬ বিলিয়ন ডলার।

সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতে, প্রবাসী আয় বৃদ্ধি, রপ্তানি আয় এবং কেন্দ্রীয় ব্যাংকের ডলার ব্যবস্থাপনার কারণে রিজার্ভে ইতিবাচক ধারা বজায় রয়েছে। যদিও নিয়মিত আমদানি ব্যয় ও বৈদেশিক ঋণের কিস্তি

(শেষের পাতায় দেখুন)



## সার্কেকে কার্যকর করতে একমত বাংলাদেশ-নেপাল

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) পুনরায় কার্যকর করার বিষয়ে একমত পোষণ করেছেন বাংলাদেশ জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল এবং বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভাণ্ডারি।

বুধবার (২৯ জুলাই) জাতীয় সংসদ ভবনে ভারপ্রাপ্ত স্পিকারের কার্যালয়ে অনুষ্ঠিত এক সৌজন্য সাক্ষাতে তারা এ মতৈক্যে পৌঁছান।

জাতীয় সংসদ সচিবালয়ের পরিচালক (গণসংযোগ-১) মো. মনির হোসেন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সাক্ষাতে ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামাল বলেন, পারস্পরিক সহযোগিতা প্রসারিত করে দক্ষিণ এশীয় দেশগুলোর কাঙ্ক্ষিত উন্নয়নের লক্ষ্যে সার্কের স্বপ্নদ্রষ্টা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এ সংস্থা প্রতিষ্ঠা করেছিলেন।

সার্ককে পুনরায় কার্যকর করে সেই লক্ষ্য অর্জনের সুযোগ এখনও রয়েছে। এ ক্ষেত্রে তিনি নেপালকে এগিয়ে আসার আহ্বান জানালে নেপালের রাষ্ট্রদূত তাতে একমত পোষণ করেন।

নেপালের সংসদে (ফেডারেল পার্লামেন্ট অব নেপাল) 'বাংলাদেশ-নেপাল পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপ' গঠিত হওয়ায় দেশটির স্পিকার দোল প্রসাদ আর্যালকে ধন্যবাদ জানান কায়সার কামাল। তিনি বলেন, বাংলাদেশ জাতীয় সংসদেও অচিরেই 'বাংলাদেশ-নেপাল পার্লামেন্টারি মৈত্রী গ্রুপ' গঠন করা হবে।

এর মাধ্যমে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময়ের দ্বার আরও উন্মুক্ত হবে।

সংসদীয় মৈত্রী গ্রুপ কার্যকর হলে দুই দেশের জনগণের সম্পর্ক উন্নয়নের মাধ্যমে সংসদীয় কূটনীতি জোরদার, সম্পর্ক উন্নয়ন, পারস্পরিক সফর আয়োজন, আইন প্রণয়ন ও সুশাসনের

(শেষের পাতায় দেখুন)



## হাসপাতালে দালাল চক্রের অপতৎপরতা বন্ধ করা হবে: স্বাস্থ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সরকারি হাসপাতাল থেকে রোগী ভাগিয়ে প্রাইভেট ক্লিনিকে নিয়ে যাওয়ার দালাল চক্রের অপতৎপরতা স্থায়ীভাবে বন্ধ করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

বুধবার (২৯ জুলাই) সকালে 'বাংলাদেশের জনস্বাস্থ্য ব্যবস্থার ঘাটতি নিরসন: সর্বজনীন স্বাস্থ্যসেবার উপযোগী সেবা নিশ্চিত করতে ব্যয় দক্ষতার একটি দ্রুত প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়ন' শীর্ষক গবেষণার ফলাফল প্রকাশের অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

যৌথভাবে গবেষণাটি করে পাওয়ার অ্যান্ড পার্টিসিপেন্ট রিসার্চ সেন্টার (পিপিআরসি) ও স্বাস্থ্য অর্থনীতি ইউনিট। অনুষ্ঠানে গবেষণার ফলাফল উপস্থাপনা করেন পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের মহাপরিচালক ড. মো. এনামুল হক।

গবেষণাটি দেশের আটটি প্রশাসনিক বিভাগের প্রাথমিক, মাধ্যমিক ও তৃতীয় পর্যায়ের ২২টি সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে পরিচালিত হয়।

এতে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বাস্তবায়ন ও সরকারি ক্রয়সংক্রান্ত নথিপত্র পর্যালোচনার পাশাপাশি প্রতিষ্ঠানগুলোর কার্যক্ষমতা মূল্যায়ন করা হয়। এ ছাড়া ৯৫ জন কর্মকর্তার জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও পেশাগত চর্চা বিষয়ে একটি জরিপ পরিচালিত হয়।

প্রতিষ্ঠান ব্যবস্থাপক, জাতীয় পর্যায়ের নীতিনির্ধারক, সরবরাহকারী, শিক্ষাবিদ ও রোগীদের সঙ্গে আরও ৩২টি সাক্ষাৎকার নেওয়া হয়।

গবেষণায় দেখা গেছে,

(শেষের পাতায় দেখুন)

## সিআইডি প্রধান হলেন ব্যারিস্টার মোশাররফ হোছাইন

**স্টাফ রিপোর্টার :** পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)-এর প্রধান হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন অ্যাডিশনাল আইজিপি (অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক) ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইন।

বুধবার (২৯ জুলাই) সিআইডি সদর দপ্তর, ঢাকায় তিনি দায়িত্বভার গ্রহণ করেন। এর আগে, গত ২৮ জুন ২০২৬ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক জারিকৃত এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে সিআইডির প্রধান হিসেবে পদায়ন করা হয়। দায়িত্ব গ্রহণের আগে তিনি প্রেষণে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

এনএসআই-এ কর্মরত অবস্থায় তিনি অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি লাভ করেন।

ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইন ১৯৯৫ সালে ১৫তম বিসিএস-এর মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) হিসেবে বাংলাদেশ পুলিশে যোগদান করেন। প্রায় তিন দশকের বর্ণাঢ্য কর্মজীবনে তিনি পেশাদারিত্ব, দক্ষতা ও সততার সঙ্গে বাংলাদেশ পুলিশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ইউনিটে দায়িত্ব পালন করে সমৃদ্ধ অভিজ্ঞতা অর্জন করেছেন।

## পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের বৈঠক

**স্টাফ রিপোর্টার :** দায়িত্ব গ্রহণের একমাস পর পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। বুধবার (২৯ জুলাই) বিকেল ৪টার দিকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রবেশ ক?রেন দীনেশ ত্রিবেদী।

জানা গেছে, হাইকমিশনার দীনেশ ত্রিবেদী শুরু?তে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবা?য়েদ ইসলা?মের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এরপর তি?নি পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের বৈঠকে বসেন।

(শেষের পাতায় দেখুন)





## সমুদ্রবন্দরে তিন নম্বর সংকেত বহাল

নিম্নচাপ কেটে গেলেও উপকূলে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কায় দেশের সমুদ্রবন্দরগুলোতে এখনো তিন নম্বর স্থানীয় সতর্কসংকেত বহাল রাখা হয়েছে।

বুধবার (২৯ জুলাই) এ পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর।

পূর্বাভাসে বলা হয়েছে, উত্তর উড়িষ্যা ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ উপকূলে অবস্থানরত গভীর নিম্নচাপটি পশ্চিম দিকে সরে গিয়ে বর্তমানে উত্তর উড়িষ্যা এবং তৎসংলগ্ন দক্ষিণ ঝাড়খণ্ড এলাকায় অবস্থান করছে। এটি আরও পশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে।

এতে আরও বলা হয়েছে, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এর প্রভাবে সমুদ্রবন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশের

(শেষের পাতায় দেখুন)

## এমপিওভুক্ত শিক্ষক বদলি আবেদনের জন্য আইডি-পাসওয়ার্ড পাচ্ছেন শিক্ষকরা

**স্টাফ রিপোর্টার :** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) বেসরকারি স্কুল-কলেজে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে বদলি আবেদন গ্রহণ করতে পুরোপুরি প্রস্তুত রয়েছে। জানা গেছে, আবেদন শুরুর আগে শিক্ষকদের একটি পাসওয়ার্ড দেওয়া হবে।

মঙ্গলবার (২৮ জুলাই) মাউশির একটি সূত্র জানায়, ৯৯ দশমিক ৯৯ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান তথ্য ইনপুটের কার্যক্রম শেষ করেছে। তথ্যগুলো ভ্যালিডেশনও শেষ হয়েছে। যে অল্প কিছু প্রতিষ্ঠান তথ্য দেয়নি তাদের বাদ রেখেই বদলি আবেদন গ্রহণ করা হতে পারে।

সূত্র আরো জানায়, আবেদন গ্রহণের আগে মাউশি শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি চেয়ে চিঠি পাঠাবে।

তবে এর আগে শিক্ষকদের

(শেষের পাতায় দেখুন)

## এমপিও শিক্ষকদের স্থানীয় ভোটে চায় জামায়াত, প্রশাসকদের নয়

**স্টাফ রিপোর্টার :** আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অযোগ্য ঘোষণায় নির্বাচন কমিশনের (ইসি) প্রস্তাব বাতিলের দাবি জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। একইসঙ্গে দলটি স্থানীয় সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানে রাজনৈতিকভাবে নিয়োগ পাওয়া প্রশাসকদের অযোগ্য ঘোষণার দাবি জানিয়েছে দলটি।

'রাজনৈতিক বিবেচনায়' ইসি সচিবালয়ে নিয়োগ পাওয়া অতিরিক্ত সচিব সামসুল আলমের নিয়োগ বাতিলেরও দাবি তুলেছে জামায়াত।

বুধবার (২৯ জুলাই) নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে এসব কথা বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। স্থানীয় সরকার নির্বাচনকে সুষ্ঠু, নিরপেক্ষ, স্বচ্ছ ও গ্রহণযোগ্য করতে বিভিন্ন দাবি

(শেষের পাতায় দেখুন)

## সমন্বিত উদ্যোগ ছাড়া নদী-খাল রক্ষা সম্ভব নয়

-----------------------------------পানিসম্পদমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সমন্বিত উদ্যোগ ছাড়া নদী-খাল রক্ষা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি।



তিনি বলেন, দেশের খাল প্রকৃতির রক্তনালী। খাল-নদীর স্বাভাবিক প্রবাহ ও পারস্পরিক সংযোগ ঠিক না থাকলে পরিবেশ, পানি ব্যবস্থাপনা ও অর্থনীতি মারাত্মক ঝুঁকিতে পড়বে। তাই খাল পুনঃখনন, নদী সংরক্ষণ এবং পানিসম্পদ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় ও সংস্থাকে সমন্বিতভাবে কাজ করতে হবে। বুধবার (২৯ জুলাই) রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশে বৃত্তাকার নৌ-পথের পুনরুজ্জীবন এবং অভ্যন্তরীণ নৌ-বাণিজ্যের সম্প্রসারণে খাল খনন কর্মসূচির ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পানিসম্পদ মন্ত্রী বলেন, মানুষের শরীরে যেমন রক্ত চলাচলের জন্য রক্তনালী অপরিহার্য, তেমনি দেশের খালও প্রকৃতির রক্তনালী। একটি খালের সঙ্গে অন্য খাল ও নদীর সংযোগ বিচ্ছিন্ন হলে পানি প্রবাহ ব্যাহত হবে, যার প্রভাব পড়বে কৃষি, পরিবেশ, নৌ-পরিবহন এবং নগরজীবনে।

তিনি জানান, পানিসম্পদ মন্ত্রণালয় বর্তমানে ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম), সেন্টার ফর এনভায়রনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) এবং ওয়ারপোর মতো বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের সঙ্গে গবেষণা ও আলোচনার ভিত্তিতে পরিকল্পনা গ্রহণ করছে। অতীতের বিচ্ছিন্ন উদ্যোগের পরিবর্তে এখন সমন্বিতভাবে কাজ করা হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি। শহীদ উদ্দীন

(শেষের পাতায় দেখুন)

## বাংলাদেশে বোয়িংয়ের চিহ্ন দেখে খুব ভালো লাগছে: মার্কিন রাষ্ট্রদূত

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশে যুক্তরাষ্ট্রের বিমান নির্মাণকারী প্রতিষ্ঠান বোয়িংয়ের চিহ্ন দেখে ভালো লাগার কথা জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন। তিনি বলেন, একজন মার্কিন রাষ্ট্রদূত হিসেবে এটি দারুণ অনুভূতি। খুব ভালো লাগছে। বাংলাদেশের অ্যাভিয়েশন খাতের প্রবৃদ্ধির একটি ঐতিহাসিক মাইলফলকের অংশ হতে পেরে আমি আনন্দিত। বুধবার (২৯ জুলাই) ঢাকার বনানীতে হোটেল শেরাটনে দেশের বেসরকারি উড়োজাহাজ সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইনস আয়োজিত 'বিয়ন্ড দ্য বোয়িং' অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ওই অনুষ্ঠানে প্রায় ১ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগে ২১টি নতুন বোয়িং উড়োজাহাজ কেনার ঘোষণা দেয় ইউএস-বাংলা এয়ারলাইনস। তাদের পরিকল্পনা অনুযায়ী, নতুন বহরে থাকবে ১৫টি অত্যাধুনিক বোয়িং ৭৩৭-৮ এবং ৬টি বোয়িং ৭৩৭-৮০০। ২০২৭ সালের মধ্যে ধাপে ধাপে এসব উড়োজাহাজ বহরে যুক্ত হবে।

(শেষের পাতায় দেখুন)

## আরও বেশি জনশক্তি নিতে ব্রুনাইয়ের সহযোগিতা চাইলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ থেকে আরও বেশি জনশক্তি নিয়োগে ব্রুনাই দারুসসালামের সহযোগিতা চাইলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। একইসঙ্গে দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি সহযোগিতা ও আকাশ যোগাযোগ বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করেছেন তিনি।

বুধবার (২৯ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে ব্রুনাই দারুসসালামের হাইকমিশনার হাজী হারিস বিন ওসমানের বৈঠকে এসব নিয়ে আলোচনা হয়।

বৈঠকে প্রতিমন্ত্রী বাংলাদেশিদের জন্য ব্রুনাইয়ে আরও বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরির বিষয়ে ঢাকার আগ্রহের কথা জানান।

তিনি বলেন, দুই দেশের পারস্পরিক স্বার্থে জনশক্তি সহযোগিতা আরও বিস্তৃত করা প্রয়োজন। বাণিজ্য ও ব্যবসায়িক সম্পর্ক জোরদারে বাংলাদেশ-ব্রুনাই ব্যবসায়ীদের মধ্যে সরাসরি যোগাযোগ (বিজনেস-টু-বিজনেস) বাড়ানো, নারী উদ্যোক্তাদের মধ্যে সহযোগিতা বৃদ্ধি এবং বাংলাদেশ-ব্রুনাই চেম্বার অব কমার্স প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দেন শামা ওবায়েদ ইসলাম। তিনি ব্রুনাইয়ের বাজারে বাংলাদেশের ওষুধ, পাটজাত পণ্য, কৃষিপণ্য ও আমের জন্য আরও বেশি বাজার সুবিধা দেওয়ার আহ্বান জানান।

ব্রুনাইয়ের হাইকমিশনার এসব প্রস্তাবকে স্বাগত জানিয়ে বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা সম্প্রসারণে তার দেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

## বাঘ সংরক্ষণে জনসচেতনতা বাড়াতে হবে

------------------------- প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন, বাঘ পৃথিবীর অন্যতম গুরুত্বপূর্ণ বন্যপ্রাণী এবং জীববৈচিত্র্যের অপরিহার্য অংশ। এ প্রাণী সংরক্ষণে জনসচেতনতা বৃদ্ধি এবং নতুন প্রজন্মের মধ্যে সংরক্ষণ বিষয়ক মানসিকতা গড়ে তোলা অত্যন্ত জরুরি।

গতকাল বিশ্ব বাঘ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানায় আয়োজিত র‍্যালি শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, প্রায় একশ বছর আগে বিশ্বে বাঘের সংখ্যা ছিল প্রায় এক লাখ। বর্তমানে বিশ্বে বাঘের সংখ্যা পাঁচ হাজারের মতো। এ পরিসংখ্যান বাঘের অস্তিত্ব যে হুমকির মুখে রয়েছে, তা স্পষ্টভাবে নির্দেশ করে।

তিনি বলেন, আমরা যদি এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ না করি এবং মানুষকে সচেতন করতে না পারি, তাহলে ভবিষ্যতে এ প্রজাতি আরও সংকটের মুখে পড়বে।

সুলতান সালাউদ্দিন টুকু বলেন, বর্তমানে সুন্দরবনে ১২৪টি বাঘ রয়েছে। এছাড়া বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানায় প্রায় ১৫টি এবং দেশের বিভিন্ন চিড়িয়াখানায় প্রায় ৫০টি বাঘ রয়েছে।

তিনি বলেন, বাঘ আমাদের জাতীয় সম্পদ। এ প্রাণী সংরক্ষণে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম বাঘ সম্পর্কে জানতে পারে এবং এর সংরক্ষণের গুরুত্ব উপলব্ধি করতে পারে।

বাঘ গণনায় বরাদ্দকৃত বাজেট এবং এ সংক্রান্ত স্বচ্ছতা বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, বাঘ গণনার বিষয়টি বন বিভাগের আওতাধীন। এটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বাধীন নয়। তবে বন বিভাগ তাদের নিজস্ব প্রক্রিয়ায়

(শেষের পাতায় দেখুন)



গতকাল বুধবার (২৯ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে ব্রুনাই দারুসসালামের হাইকমিশনার হাজী হারিস বিন ওসমানের বৈঠকে অনুষ্ঠিত।




Neighbour Development Foundation
NDF
(Reg. S-9479/09)
Public Media &
Human Rights Organization

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ঢাকা বৃহস্পতিবার ৩০ জুলাই ২০২৬ ইং ॥ ১৫ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

# প্রযুক্তিনির্ভর গণপরিবহন ব্যবস্থায় দিকে এগোচ্ছে সরকার

**স্টাফ রিপোর্টার :** পরিবেশবান্ধব, আধুনিক ও প্রযুক্তিনির্ভর গণপরিবহন ব্যবস্থা গড়ে তুলবে সরকার। এ লক্ষ্যে যোগাযোগ ব্যবস্থা সংস্কারে কাজ চলছে।




মন্ত্রণালয়ে ইলেকট্রিক যানবাহনের ব্যবহার বাড়াতে বিভিন্ন নীতিগত সহায়তা ও পুরনো বাসের জন্য পরিবেশবান্ধব স্ক্র্যাপ নীতি করা হচ্ছে। রাজধানীর বাস টার্মিনাল ব্যবস্থার পুনর্বিন্যাসে ইতিমধ্যে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।

অন্যদিকে মেট্রো রেল, মনোরেল ও আধুনিক বাসেরও সমন্বয়ের কাজ করছে মন্ত্রণালয়। সব গণপরিবহনের সমন্বয়ে একটি একীভূত গণপরিবহন নেটওয়ার্ক গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। সড়ক পরিবহন প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব বাংলাদেশ সংবাদ সংস্থাকে (বাসস) দেওয়া এক সাক্ষাৎকারে এসব তথ্য জানিয়েছেন।

বর্তমান সরকার যোগাযোগ অবকাঠামোর উন্নয়নের পাশাপাশি গণপরিবহন ব্যবস্থার গুণগত পরিবর্তনকে সমান গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, 'সরকারের লক্ষ্য একটি আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলা। যা নিরাপদ, সময়োপযোগী, পরিবেশবান্ধব এবং সাধারণ মানুষের জন্য সহজলভ্য হবে।'

বিশ্বের উন্নত দেশগুলোর পরিবহন ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে এগোতে চায় বাংলাদেশ। প্রতিমন্ত্রী বলেন, 'ইলেকট্রিক যানবাহনের ব্যবহার বাড়লে জ্বালানি তেলের ওপর নির্ভরতা কমবে, বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে, বায়ুদূষণ ও শব্দদূষণ কমবে এবং নগরবাসী আরো স্বাস্থ্যকর পরিবেশে বসবাসের সুযোগ পাবেন।'

ইলেকট্রিক ভেহিকলের ব্যবহার উৎসাহিত করতে সরকার এর ওপর আরোপিত প্রায় ৬২ শতাংশ কর উল্লেখযোগ্যভাবে কমিয়েছে। এর ফলে উদ্যোক্তারা এই খাতে বিনিয়োগে আরো আগ্রহী হবেন এবং সাধারণ মানুষের জন্যও ইলেকট্রিক যানবাহন ক্রয় সহজ হবে বলে তিনি আশা প্রকাশ করেন হাবিবুর রশিদ জানান।

ইলেকট্রিক যানবাহনের জন্য প্রয়োজনীয় চার্জিং অবকাঠামো গড়ে তুলতে সরকার পরিকল্পনা করছে বলে জানান তিনি। তিনি বলেন, যেসব বাসের বয়স ২৫ বছর পূর্ণ হবে এবং যেগুলো নিরাপদভাবে চলাচলের উপযোগিতা হারাবে সেসব পরিবহন ভবিষ্যতে আর ডাম্পিং করা হবে না। পরিবেশসম্মতভাবে স্ক্র্যাপিংয়ের মাধ্যমে লোহা, ইস্পাত ও অন্যান্য ব্যবহারযোগ্য উপকরণ পুনরুদ্ধার করে শিল্পকারখানায় পুনর্ব্যবহার করা হবে।

রাজধানীর যানজট নিরসনে সরকারের পরিকল্পনা সম্পর্কে প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে একই টার্মিনাল থেকে সিটি বাস ও আন্ত জেলা বাস পরিচালিত হওয়ায় রাজধানীর বিভিন্ন এলাকায় যানজট সৃষ্টি হচ্ছে। এই পরিস্থিতি থেকে উত্তরণে ঢাকার অভ্যন্তরের বাসস্ট্যান্ডগুলোকে মূলত সিটি বাস পরিচালনার জন্য ব্যবহার করার পরিকল্পনা রয়েছে। অন্যদিকে আন্ত জেলা ও দূরপাল্লার বাসগুলোকে রাজধানীর চারপাশে নির্ধারিত আধুনিক টার্মিনালে স্থানান্তরের উদ্যোগ নেওয়া হবে। এই উদ্যোগ বাস্তবায়িত হলে রাজধানীর ভেতরে ভারী বাসের চলাচল কমবে, যানজট হ্রাস পাবে এবং নগরবাসীর যাতায়াত আরো সহজ ও সুশৃঙ্খল হবে বলে মনে করেন হাবিবুর রশিদ হাবিব।

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটি পুনর্গঠন

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কার্যক্রম আরও গতিশীল ও কার্যকর করতে ৯ সদস্যের নির্বাহী কমিটি পুনর্গঠন করা হয়েছে। এতে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে গত সোমবার (২৭ জুলাই) জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮-এর ধারা ১৩ অনুযায়ী নির্বাহী কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন ঢাকা-৬ আসনের সংসদ সদস্য ও মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন, কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য মো. ফজলুর রহমান, কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মো. মনিরুল হক চৌধুরী এবং নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক।

এছাড়া অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব পদাধিকারবলে নির্বাহী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক কমিটির




## সচিবালয়ের ক্যান্টিনে আকস্মিক পরিদর্শন, সেবার মানে আপস নয়: পর্যটনমন্ত্রী

সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও মানসম্মত খাবার নিশ্চিত করতে সচিবালয়ের ক্যান্টিনে আকস্মিক পরিদর্শন করেছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম। তিনি বলেন, খাবারের মান বা সেবার ক্ষেত্রে কোনো ধরনের আপস করা হবে না। সেবার মান নিশ্চিত করতে নিয়মিত পূর্বঘোষণা ছাড়াই আকস্মিক পরিদর্শন চালানো হবে।

বুধবার (২৯ জুলাই) দুপুর ২টা ৪০ মিনিটে বাংলাদেশ সচিবালয়ের ক্যান্টিন পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন।

পরিদর্শনের সময় মন্ত্রী ক্যান্টিনের খাবারের মান, মূল্য, পরিচ্ছন্নতা, স্বাস্থ্যবিধি, পরিবেশ এবং সার্বিক সেবার মান পর্যবেক্ষণ করেন। তিনি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে কথা বলে খাবারের গুণগত মান, সেবা এবং ব্যবস্থাপনা সম্পর্কে তাদের মতামত ও অভিজ্ঞতা শোনেন।

একইসঙ্গে ক্যান্টিন পরিচালনার দায়িত্বে থাকা ব্যক্তিদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।

আফরোজা খানম বলেন, সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীরা রাষ্ট্র পরিচালনায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

তাই তাদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত, মানসম্মত ও সাশ্রয়ী খাবার নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এ বিষয়ে কোনো ধরনের গাফিলতি মেনে নেওয়া হবে না।

পরিদর্শন শেষে মন্ত্রী ক্যান্টিনের অবকাঠামোও ঘুরে দেখেন। তিনি বলেন, বর্তমান ক্যান্টিনের পরিসর তুলনামূলক ছোট হওয়ায় কর্মকর্তা-কর্মচারীদের সুবিধার্থে এটি আরও সম্প্রসারণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে, যাতে সবাই আরও স্বাচ্ছন্দ্যে সেবা গ্রহণ করতে পারেন।




## খালেদা জিয়া-তারেক রহমানের ১৭ বছরের আন্দোলনই জুলাইয়ের পটভূমি: রিজভী

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী বলেছেন, বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের নেতৃত্বে ১৭ বছরের ধারাবাহিক আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়েই ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থানের পটভূমি তৈরি হয়েছিল। তিনি বলেন, ১৭ বছরের নিরন্তর সংগ্রামের মধ্য দিয়ে ছাত্র-জনতার বিস্ফোরণ ঘটেছে। ২০২৪ সালের জুলাইয়ে শিক্ষার্থীদের প্রতিবাদের ইতিহাস জাতি কখনও ভুলবে না। অসংখ্য ছাত্র-ছাত্রী ও কিশোর-কিশোরীর আত্মত্যাগের মধ্য দিয়ে এক ভয়ংকর রক্তপিপাসু ফ্যাসিবাদের পতন হয়েছে। বুধবার (২৯ জুলাই) দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলাপকালে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, ফ্যাসিবাদের পতনের পর মানুষ দীর্ঘদিনের বাক্?স্বাধীনতা, ব্যক্তিস্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, নাগরিক অধিকার এবং নিরাপদে চলাফেরার যে প্রত্যাশা করেছিল, সেই আন্দোলনের ভিত্তি তৈরি হয়েছিল বেগম খালেদা জিয়া ও পরবর্তীতে তারেক রহমানের নেতৃত্বে দীর্ঘদিনের সংগ্রামের মাধ্যমে।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ

*(প্রথম পাতার পর)*

পরিশোধের কারণে রিজার্ভে ওঠানামা হচ্ছে, তবুও সামগ্রিক অবস্থান আগের তুলনায় স্থিতিশীল রয়েছে।

বাংলাদেশ ব্যাংক দুটি পদ্ধতিতে রিজার্ভের হিসাব প্রকাশ করে। এর মধ্যে গ্রস রিজার্ভ মোট বৈদেশিক মুদ্রা সম্পদের পরিমাণ নির্দেশ করে, আর আইএমএফের বিপিএম-৬ পদ্ধতিতে হিসাব করা রিজার্ভ আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী প্রকৃত ব্যবহারযোগ্য বৈদেশিক মুদ্রার চিত্র তুলে ধরে।

বর্তমানে এ হিসাব অনুযায়ী দেশের ব্যবহারযোগ্য রিজার্ভ ৩১ দশমিক ৭৫ বিলিয়ন ডলারের কাছাকাছি অবস্থান করছে।

বাংলাদেশ ব্যাংক বলছে, বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী থাকলে আমদানি ব্যয় নির্বিঘ্নে পরিশোধ, বিনিময় হার ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক ঋণ পরিশোধে সক্ষমতা বাড়ে। পাশাপাশি বৈদেশিক খাতে আস্থা বজায় রাখতেও এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

## হাসপাতালে দালাল

২০২৪-২৫ অর্থবছরে জরিপভুক্ত প্রতিষ্ঠানগুলোর সামগ্রিক বাজেট ব্যবহারের হার ছিল ৮৫ শতাংশ। মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানগুলোতে বাজেট বাস্তবায়নের হার ছিল সবচেয়ে কম, ৭৮ শতাংশ। অর্থবছর শেষে ৯৪ শতাংশ প্রতিষ্ঠানে অব্যয়িত অর্থ থাকার তথ্য পাওয়া গেলেও মাত্র ১১ শতাংশ আর্থিক অব্যবস্থাপনাকে উদ্বেগের বিষয় হিসেবে উল্লেখ করেছে। এই ফলাফল থেকে প্রতীয়মান হয় যে উত্তরদাতাদের দৃষ্টিতে অব্যয়িত অর্থের প্রধান কারণ আর্থিক অনিয়মের চেয়ে বাজেট ব্যবস্থাপনার কাঠামোগত দুর্বলতা ও প্রশাসনিক জটিলতার সঙ্গে বেশি সম্পর্কিত।

বিশেষ করে যেসব পরিচালন খাতে প্রতিষ্ঠান পর্যায়ে তুলনামূলকভাবে সিদ্ধান্ত নেওয়ার সুযোগ রয়েছে, সেসব খাতে ব্যয় ছিল উল্লেখযোগ্যভাবে কম। সাধারণ সরঞ্জাম খাতে বরাদ্দের মাত্র ২৭ শতাংশ ব্যয় হয়েছে। ভ্রমণ ও স্থানান্তরসংক্রান্ত খাতে ব্যয়ের হার ছিল ৬৮ শতাংশ এবং পেশাগত সেবা ও সম্মানী খাতে ৫৯ শতাংশ।

টেন্ডার প্রক্রিয়ার অনিয়মের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল বলেন, পছন্দের লোককে কাজ দিতে টেন্ডারে এমন অবাস্তব শর্ত জুড়ে দেওয়া হয়, যাতে নির্দিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানই কাজ পায়। যেমন পাঁচ বছরে ১০ হাজার কোটি টাকার ট্রানজেকশনের অভিজ্ঞতা চাওয়া হয়। সোনার চামচ মুখে নিয়ে জন্ম নেওয়া কয়জন ব্যবসায়ী এই শর্ত পূরণ করতে পারবে? এটি করা হয় মূলত প্রতিযোগিতা সীমিত করে পছন্দের পাত্রকে কাজ পাইয়ে দেওয়ার জন্য।

স্বাস্থ্য খাতে অপ্রয়োজনীয় কেনাকাটা ও কোটি কোটি টাকার সরকারি অর্থ অপচয়ের উদাহরণ টেনে তিনি বলেন, আওয়ামী লীগ আমলে ১১ কোটি টাকার রেডিওথেরাপি মেশিন ১৮ কোটি টাকা দিয়ে দুটি কেনা হয়েছিল। অথচ যেখানে বসানো হয়েছে, সেখানে কোনো প্রস্তুতিই (রেডি সেটআপ) ছিল না। কেন কেনা হয়েছিল? কারণ প্রতি মেশিনে ৪ থেকে ৬ কোটি টাকা লাভ ছিল। যার একটি পড়ে আছে ফরিদপুরে, অন্যটি খুলনায়। একইভাবে দেশের বিভিন্ন স্থানে কারিগরি লোকবল ছাড়াই এক্সরে ও অন্যান্য টেকনোলজির সরঞ্জাম কিনে ফেলে রাখা হয়েছে, যা পরবর্তীতে ভাঙারির কাছে বিক্রি করা ছাড়া উপায় নেই।

টেস্ট বাণিজ্য বন্ধ করার উদ্যোগের কথা জানিয়ে সাখাওয়াত হোসেন বলেন, সরকারি হাসপাতালে দায়িত্ব রেখে বাইরে পাশের ক্লিনিক খোলাবেন, সরকারি দায়িত্ব রেখে সেখানে সার্জারি করবেন আর কমিশন খাবেন, রোগী আসলে বলবেন পাশের ক্লিনিকে গিয়ে টেস্ট করতেড়এসব বন্ধ করতে হবে। এগুলো আমাদের মনিটর করা হবে।

## সার্ককে কার্যকর

অভিজ্ঞতা বিনিময় এবং আন্তর্জাতিক ফোরামে সহযোগিতার সুযোগ সৃষ্টি হবে বলেও জানান ভারপ্রাপ্ত স্পিকার।

এ সময় তিনি নেপাল থেকে বিদ্যুৎ আমদানির প্রসঙ্গ টেনে শিক্ষা, সংস্কৃতি, যুব যোগাযোগ, জ্বালানি, বাণিজ্য ও জলবায়ু পরিবর্তনের মতো বিষয়ে আলোচনা এবং সহযোগিতার ক্ষেত্র প্রসারিত করার ওপর জোর দেন।

বৈঠকে নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের নতুন অভিযাত্রার প্রশংসা করেন। বর্তমান গণতান্ত্রিক সরকারের সঙ্গে আরও নিবি-ড়ভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে তিনি বলেন, স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বেরিয়ে উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জনে বাংলাদেশ বিভিন্ন সূচকে যেভাবে এগিয়ে যাচ্ছে, তা প্রশংসনীয়। নির্ধারিত সময়সীমার মধ্যেই বাংলাদেশ জাতিসংঘের এলডিসি গ্র্যাজুয়েশন অর্জন করতে সক্ষম হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় নেপাল দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন প্রতীক কার্কি এবং জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভুঁইয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে

গত এপ্রিলে ভারত সরকার তাদের ১৬তম হাইকমিশনার হিসেবে ঢাকায় নিয়োগ দিয়েছে সাবেক মন্ত্রী দীনেশ ত্রিবেদীকে। দুই প্রতিবেশী দেশের সম্পর্কের ইতিহাসে ভারত এই প্রথম কোনো রাজনীতিবিদকে হাইকমিশনার করে পাঠিয়েছে।

নতুন দায়িত্বে যোগ দিতে দীনেশ ত্রিবেদী ৫ জুন পশ্চিমবঙ্গ থেকে স্থলসীমান্ত দিয়ে বাংলাদেশে পৌঁছান। পরে গত ২৫ জুন আনুষ্ঠানিকভাবে তৎকালীন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে তিনি এই পরিচয়পত্র (লেটার অব ক্রিডেন্স) হস্তান্তর করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের নতুন হাইকমিশনার দীনেশ ত্রিবেদী।

## বাঘ সংরক্ষণে

স্বচ্ছতার সঙ্গে এ কার্যক্রম পরিচালনা করে থাকে।

অনুষ্ঠান শেষে প্রতিমন্ত্রী বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার স্যুভেনির শপ উদ্বোধন করেন।

এ সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজামান খান, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার পরিচালক ডা. মো. শাহীনুর আলম, চিড়িয়াখানার কিউরেটর ডা. মো. হাবিবুর রহমান, বাংলাদেশ অ্যানিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আহ্বায়ক আদনান আজাদসহ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## বাংলাদেশে বোয়িংয়ের

মার্কিন রাষ্ট্রদূত বলেন, বোয়িং ৭৩৭ বিমান লিজ নেওয়ার এই নতুন চুক্তিটি শুধু একটি এয়ারলাইনসের বহর সম্প্রসারণ নয়, বরং এটি বাংলাদেশের জন্য ভবিষ্যতের একটি বিনিয়োগ। এটি অর্থনৈতিক প্রবৃদ্ধির সুযোগ তৈরি, যোগাযোগ শক্তিশালী, পর্যটন ও বাণিজ্যে সহায়তা এবং বাংলাদেশিদের জন্য মানসম্মত কর্মসংস্থান তৈরি করবে। যুক্তরাষ্ট্র গর্বিত যে দেশটির অন্যতম শীর্ষস্থানীয় উদ্ভাবক প্রতিষ্ঠান বোয়িং এই ভবিষ্যতের একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করবে।

১.৫ বিলিয়ন ডলারে ২১ বোয়িং কিনছে ইউএস-বাংলা, বিশ্ববাজারে বড় লক্ষ্য

ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন আরও বলেন, আজকের চুক্তিটি যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বাণিজ্যিক অংশীদারত্বকে আরও শক্তিশালী করছে। ইউএস-বাংলা এয়ারলাইনস আজ আবারও দেখাচ্ছে যে, বাংলাদেশের ব্যবসার জন্য সেরা পছন্দ হলো বোয়িং।

তিনি বলেন, ইউএস-বাংলার প্রায় ২০০ জন বাংলাদেশি পাইলটকে উন্নত প্রশিক্ষণের জন্য যুক্তরাষ্ট্রে পাঠানোর পরিকল্পনাটি পরবর্তী প্রজন্মের অ্যাভিয়েশন পেশাদারদের জন্য একটি বড় বিনিয়োগ। এই পাইলটরা বিশ্বমানের দক্ষতা নিয়ে ফিরে আসবেন এবং দুদেশের মধ্যে স্থায়ী পেশাদার সম্পর্ক গড়ে তুলবেন।

## জুলাই কোনো ব্যক্তি

এ কে এম ইলিয়াস, উপাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আনোয়ার মাহমুদ, কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক পিয়াল হাসান, সদস্যসচিব মিল্লাদ হোসেন এবং ছাত্রদলের বর্তমান ও সাবেক নেতারা।

## এমপিও শিক্ষকদের স্থানীয়

দাওয়া নিয়ে কমিশনের সঙ্গে জামায়াত বৈঠক করেছে বলে জানান মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, গত ৩০ জুন ইসিতে জামায়াতের পক্ষ থেকে সাতটি প্রস্তাব দেওয়া হয়েছিল। গতকাল নতুন করে আরও দুটো নতুন প্রস্তাব দেওয়া হয়েছে।

মিয়া গোলাম পরওয়ার বলেন, সরকারের রাজনৈতিকভাবে পরিচিত ব্যক্তি সামসুল আলমকে ইসির অতিরিক্ত সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে।

ইসি সাংবিধানিক প্রতিষ্ঠান, এখানে রাজনৈতিক ব্যক্তির নিয়োগ যেকোন নির্বাচনকে নিরপেক্ষ করার ব্যাপারে অন্তরায় এবং বাধা। সামসুল আলম বিএনপির নির্বাচনী আসন পুনর্নির্ধারণ কমিটির সদস্য ছিলেন, তার নিয়োগ বাতিল করতে হবে।

তিনি বলেন, আমরা পরিষ্কার বুঝতে পারছি স্থানীয় সরকার নির্বাচন আসন্ন হওয়ায় ক্ষমতাসীন দলের একটা গুরুত্বপূর্ণ নীতিনির্ধারণী জায়গায় রাজনৈতিক দায়িত্ব পালন করা ব্যক্তিকে ইসির মত সাংবিধানিক প্রতিষ্ঠানের অতিরিক্ত সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। যাতে তিনি সরকারি দলের লোকদেরকে স্থানীয় নির্বাচনে বিজয়ী করে নিয়ে আসতে পারেন, সেই কাজটা উনি যেন এখানে বসে করতে পারেন, সেই তৎপরতার জন্যই তাকে এখানে বিশেষভাবে দায়িত্ব দেওয়া হয়েছে। ইসি তাদের বলেছে রাজনৈতিক সংশ্লিষ্টতার বিষয়টি তারা জানতেন না। চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে সরকার।

সামসুল আলমের নিয়োগে ইসি আপত্তি জানাতে পারত উল্লেখ করে তিনি আরও বলেন, কথার ভেতর দিয়ে তো উনারা উনাদের অসহায়ত্বের কথা, অক্ষমতার কথা, অপারগতার কথাই আলটিমেটলি ফুটে উঠেছে।

স্থানীয় সরকার আইন সংশোধন করে এমপিওভুক্ত শিক্ষকদের নির্বাচনে অযোগ্য ঘোষণায় ইসির প্রস্তাবের বিষয়ে আপত্তি জানিয়ে জামায়াতের এই নেতা বলেন, স্থানীয় সরকার নির্বাচনের সুদীর্ঘ ইতিহাসে স্কুল-কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা নির্বাচনে অংশ নিয়ে থাকেন। জাতীয় নির্বাচনে এমপিওভুক্ত প্রতিষ্ঠানের লোকদের নির্বাচনে অংশ নেওয়ার বিধিনিষেধ আরোপ করেননি। তারা তো ইলেকশন করছেন। একটা ইলেকশন করতে পারবে, আরেকটা পারবে না। তো এই যে একটা বৈষম্য, সংবিধানে নাগরিক অধিকারের খেলাপ। ইসি জানিয়েছে বিষয়টি আলোচনা করে দেখবে।

স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগের পদদারী নেতাদের প্রার্থী হওয়ার বিষয়ে তিনি বলেন, রাজনীতির নিষিদ্ধতা থাকলে ব্যক্তি যেহেতু রাজনীতি করে, ব্যক্তির নির্বাচন করাটাও একটা রাজনীতি। ফলে পদ-পদবীধারী নিষিদ্ধ দলের কোনো ব্যক্তির নির্বাচনে অংশগ্রহণকেও অযোগ্য এবং নিষিদ্ধ করতে হবে।

স্থানীয় সরকার বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশাসক হিসেবে নিয়োগ পাওয়া রাজনৈতিক ব্যক্তি স্থানীয় সরকার নির্বাচনে অযোগ্য করার দাবি জানিয়ে গোলাম পরওয়ার বলেন, তাদেরকে নির্বাচনে অযোগ্য করতে হবে। কারণ এরকম স্থানীয় সরকারের পদে থেকে দুই-পাঁচ-দশ মাস সার্ভ করে সাথে সাথে ইলেকশনে ক্যান্ডিডেট হওয়া মানেই হচ্ছে যে এই নির্বাচনকে নিরপেক্ষ হতে দেওয়া হলো না। দলীয়করণের জন্যই তাকে এখানে নিয়োগ দেওয়া হয়েছিল এবং নির্বাচন একেবারে দিব্বি এটা একটা দলীয় নির্বাচন হবে, পক্ষপাতিত্ব হবে, এটা নিরপেক্ষ হবে না, স্বচ্ছ হবে না। দ।

## সমুদ্রবন্দরে তিন

উপকূলীয় এলাকার ওপর দিয়ে দমকা অথবা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এ অবস্থায় চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

এ ছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

## 'আমার সম্পর্কে পুলিশ

আমাদের গোয়েন্দা জালে রয়েছে। অচিরেই তাদের ধরা হবে।'

ডেবিট ইমন চট্টগ্রামের ফটিকছড়ির কাঞ্চননগর এলাকার মো. মুসার ছেলে। এলাকায় তার ছিল সাধারণ জীবনযাপন। কিন্তু শীর্ষ সন্ত্রাসী সাজ্জাদ গ্রুপে যোগ দেওয়ার পর চট্টগ্রামে একের পর এক খুনে নাম জড়ায় তার। পিস্তল হাতে তার একাধিক ছবি সামাজিকমাধ্যমে ভাইরাল হয়। ধীরে ধীরে তিনি হয়ে ওঠেন সাজ্জাদের 'সেকেন্ড ইন কমান্ড'।

গত ১৩ জুলাই চট্টগ্রাম নগরীর চকবাজার অ্যাকসেস রোডে ডিডিএন নামে একটি ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানে হামলা চালায় সন্ত্রাসীরা। এ ঘটনায় থানায় মামলা হয়েছে। পরে র‌্যাব-পুলিশ অভিযান চালিয়ে ২০ জনকে গ্রেপ্তার করে। ঘটনার সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখা যায়, ১৫ থেকে ২০ জনের একটি দল হঠাৎ ডিডিএনের কার্যালয়ে ঢুকে পড়ে। দেশি অস্ত্রধারী ব্যক্তিরা অফিসের কম্পিউটার, কর্মকর্তা-কর্মচারীদের মোবাইল ফোন ও বিভিন্ন আসবাব ভাঙচুর করে। এ সময় তারা কর্মকর্তা-কর্মচারীদের ভয়ভীতি দেখায়।

হামলার দু'দিন আগে প্রতিষ্ঠানটির মালিকের কাছে মোটা অংকের চাঁদা দাবি করেন ডেভিড ইমন। ১১ জুলাই হোয়াটসঅ্যাপে কল করে 'ডেভিড ইমন' পরিচয় দিয়ে ডিডিএনের স্বত্বাধিকারীর কাছে এককালীন ২ কোটি টাকা এবং পরে প্রতি মাসে ১০ লাখ টাকা চাঁদা দাবি করা হয়। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তাকে বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়। ডিডিএনের স্বত্বাধিকারীকে হুমকি দিয়ে বলা হয়, 'আমার নাম ডেভিড ইমন, আমার সম্পর্কে পুলিশ কমিশনারকে জিজ্ঞেস করতে পারেন।' ওই হুমকির দুদিন পর নগরের চকবাজার থানার চন্দনপুরা এক্সেস রোডের মরিয়ম হাইটস ভবনে ডিডিএনের কার্যালয়ে হামলার ঘটনা ঘটে।

হামলাকারীরা ডিডিএন অফিসের কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ফিঙ্গারপ্রিন্ট মেশিন, আসবাবপত্র ও কাচের দরজাসহ বিভিন্ন সরঞ্জাম ভাঙচুর করে। এতে প্রায় ১৫ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। এ সময় দুর্বৃত্তরা অফিসের ড্রয়ারে থাকা ৪৭ হাজার টাকা, তিনটি মোবাইল ফোন, একটি ক্যানন প্রিন্টার এবং প্রতিষ্ঠানের পরিচালক আরিফুল ইসলামের কাঁধের ব্যাগ নিয়ে যায়। ওই ব্যাগে কর্মচারীদের বেতন পরিশোধের জন্য প্রায় ৩৫ লাখ টাকা ছিল বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে।

সম্প্রতি এক ব্রিফিংয়ে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) অতিরিক্ত কমিশনার মুহাম্মদ ফয়সল আহম্মেদ বলেন, 'আমরা ডেভিড ইমনের অবস্থান শনাক্ত করার চেষ্টা করছি। আমাদের গোয়েন্দা ও প্রযুক্তিগত টিম কাজ করছে। ডেভিড ইমনসহ এই চক্রের অন্যদের গ্রেপ্তারে বিশেষ অভিযান চলছে।'

## সমন্বিত উদ্যোগ

চৌধুরী এ্যানি বলেন, দায়িত্ব নেওয়ার পর প্রধানমন্ত্রীর নির্দেশনায় ভূমি, কৃষি, স্থানীয় সরকার, নৌপরিবহন, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের নিয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক করা হয়েছে। আগে খাল খনন কর্মসূচি নিয়ে এ ধরনের সমন্বিত উদ্যোগ না থাকায় প্রত্যাশিত সুফল পাওয়া যায়নি। ঢাকার চারপাশের নদ-নদীর দূষণ ও দখল নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ, বালু ও টঙ্গী নদীর বর্তমান অবস্থা অত্যন্ত নাজুক। শিল্পবর্জ্য, দখল এবং অপরিকল্পিত নগরায়ণের কারণে নদীগুলো মারাত্মক সংকটে পড়েছে। এ সমস্যা শুধু একটি মন্ত্রণালয়ের নয়, বরং পুরো রাষ্ট্র ও জনগণের জন্য বড় চ্যালেঞ্জ।

মন্ত্রী আরও বলেন, দীর্ঘদিন ধরে ঢাকার নদীগুলোকে দূষণমুক্ত করা, নদীতীরে ওয়াকওয়ে নির্মাণ এবং জলপথে ওয়াটার ট্যাক্সি চালুর পরিকল্পনার কথা বলা হলেও তা এখনো বাস্তবায়িত হয়নি। অথচ প্রতিবেশী দেশের বিভি-ন্ন শহরে নদীকেন্দ্রিক উন্নয়ন অর্থনীতি ও পর্যটনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ভূগর্ভস্থ পানির স্তর দ্রুত নিচে নেমে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, উপরিভাগের পানির উৎস সংরক্ষণ করা না গেলে ভবিষ্যতে বাংলাদেশ বড় ধরনের সংকটে পড়বে। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় আগামী ৫০ থেকে ১০০ বছরের কথা বিবেচনায় রেখে এখন থেকেই পরিকল্পনা গ্রহণের ওপর জোর দেন তিনি।

সরকারের পরিকল্পনার কথা তুলে ধরে পানিসম্পদমন্ত্রী বলেন, নির্বাচনি ইশতেহারেই ২০ হাজার কিলোমিটার খাল পুনঃখনন, বৃক্ষরোপণ এবং পরিবেশ ও পানি ব্যবস্থাপনা উন্নয়নের পরিকল্পনা অন্তর্ভুক্ত ছিল। দায়িত্ব নেওয়ার পর সেই পরিকল্পনা বাস্তবায়নে বিশেষজ্ঞদের সঙ্গে ধারাবাহিকভাবে কাজ করছে সরকার।

তিনি বলেন, সরকারের লক্ষ্য শুধু খাল খনন নয়; নদী, খাল, জলাধার ও পরিবেশ সংরক্ষণের মাধ্যমে টেকসই পানি ব্যবস্থাপনা গড়ে তোলা। এ লক্ষ্য অর্জনে সরকারি প্রতিষ্ঠান, বিশেষজ্ঞ, ব্যবসায়ী সমাজ এবং সাধারণ মানুষের সম্মিলিত অংশগ্রহণ প্রয়োজন।

## বদলি আবেদনের জন্য

আবেদনের জন্য একটি পাসওয়ার্ড দেওয়া হবে। শিক্ষকদের পাসওয়ার্ড দেবে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান টেলিটক বাংলাদেশ লিমিটেড। তবে এই কাজটি তারা এখনো করতে পারেনি। এজন্য মূলত সকল কার্যক্রম ঝুলে রয়েছে।

শিক্ষকরা পাসওয়ার্ড পেলে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন চেয়ে চিঠি পাঠানো হবে।

নাম প্রকাশে অনিচ্ছুক মাউশির এক কর্মকর্তা বলেন, 'শিক্ষকরা নতুন করে পাসওয়ার্ড পাবেন। পূর্বে যে লিংক দেওয়া হয়েছিল ওই লিংকের মাধ্যমে পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে আবেদন করতে হবে। টেলিটকের সঙ্গে কথা হয়েছে। তারা দ্রুত আইডি-পাসওয়ার্ড পাঠানো শুরু করবে। জানা গেছে, শিক্ষকদের বদলির জন্য স্কুল পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানদের তথ্য ইনপুট, ভেরিফিকেশন ও চূড়ান্ত অনুমোদনের সময় গত ২৫ জুন শেষ হয়। উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের জন্য সময়সীমা ছিল ৫ জুলাই এবং জেলা শিক্ষা কর্মকর্তাদের জন্য নির্ধারণ করা হয়েছিল ১৫ জুলাই। এদিকে, কলেজ পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানদের তথ্য ইনপুট, ভেরিফিকেশন ও চূড়ান্ত অনুমোদনের শেষ সময়ও ২৫ জুন সমাপ্ত হয়। আঞ্চলিক উপ-পরিচালকের (কলেজ) জন্য ৫ জুলাই এবং আঞ্চলিক পরিচালকদের জন্য ১৫ জুলাই পর্যন্ত সময় নির্ধারিত ছিল। সেই সময় শেষ হলেও বদলি আবেদন শুরুর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি চেয়ে চিঠি পাঠানো সম্ভব হয়নি।

সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল), নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।

প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## সৌদি-যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় ইরাকে নিহতের সংখ্যা বেড়ে ২০

আন্তর্জাতিক ডেস্ক:

যুক্তরাষ্ট্র ও সৌদি আরবের যৌথ হামলায় ইরাকে নিহতের সংখ্যা বেড়ে ২০ জনে পৌঁছেছে। এছাড়া হামলায় আরও ৩২ জন আহত হয়েছেন। গতকাল বুধবার ইরাকের প্যারামিলিটারি গ্রুপ পপুলার মোবিলাইজেশন ফোর্সের (পিএমএফ) বিভিন্ন অবকাঠামো লক্ষ্য করে যৌথ বিমান হামলা চালায় সৌদি ও মার্কিনিদের যুদ্ধবিমান। পিএমএফ এক সময় সশস্ত্র গোষ্ঠী থাকলেও ২০১৬ সালে ইরাকের নিরাপত্তাবাহিনীর সঙ্গে তাদের একীভূত করা হয়। এই গ্রুপে আবার আলাদা আলাদা কয়েকটি দল রয়েছে। পিএমএফ টেলিগ্রামে এক বিবৃতিতে জানিয়েছে, বাগদাদ, ওয়াসিত, নিনেভেহ, বাসরা, কিরকুক, কারবালা এবং দিয়ালাতে তাদের অবকাঠামো লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। এতে করে একাধিক মিলিটারি সদরদপ্তর, সামরিক যান এবং যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এরআগে পিএমএফের ৩০নং ব্রিগেড আলাদা এক বিবৃতিতে জানিয়েছিল, রাত ৩টা ২০ মিনিটের দিকে নিনেভেহ এর বিভিন্ন গুরুত্বপূর্ণ অবকাঠামো লক্ষ্য করে সাতবার বিমান হামলা চালানো হয়েছে। আর শুধুমাত্র সেখানেই ১০ জন নিহত ও ছয়জন আহত হয়েছেন। সৌদি ও যুক্তরাষ্ট্রের হামলার পর ইরাকের প্রধানমন্ত্রী আলি ফালিহ আল-জাইদি জরুরি বৈঠক ডেকেছেন। সংবাদমাধ্যম আলজাজিরা জানিয়েছে, হামলার পর ইরানের নিনেভেহ প্রদেশ থেকে ধোঁয়ার কুণ্ডলি বের হতে দেখা গেছে। এর পাশাপাশি বাসরা প্রদেশেও ধোঁয়া দেখা গেছে। সামাজিকমাধ্যমে প্রকাশিত একটি ভিডিওতে দেখা গেছে,

# ইসরায়েলে নেতানিয়াহুর ‘ট্রাম্পকার্ড’ কি আর কাজে দিচ্ছে না

**আল-জাজিরার বিশেষ প্রতিবেদন**

নেতানিয়াহু হয়তো আশা করছেন, ট্রাম্পের সঙ্গে বৈঠক সফল হলে তা ইসরায়েলে তাঁর জনপ্রিয়তা বাড়াতে ভূমিকা রাখবে। তবে তিনি এমন সময় যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন, যখন দেশটিতে তাঁর গ্রহণযোগ্যতা সম্ভবত আগের যেকোনো সময়ের তুলনায় সবচেয়ে কম।

আন্তর্জাতিক ডেস্ক:

ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রের সঙ্গে রাজনৈতিক ও ব্যক্তিগতভাবে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক থাকার কথা বলে আসছেন। এর মধ্য দিয়ে তিনি ইসরায়েলিদের বোঝাতে চান, দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য তাঁর বিকল্প নেই। শৈশব ও কৈশোরের একটা বড় সময় যুক্তরাষ্ট্রে কাটানো নেতানিয়াহু আমেরিকান উচ্চারণে কথা বলার ক্ষেত্রে সাবলীল। বলা হয়ে থাকে, যুক্তরাষ্ট্রের রাজনীতি সম্পর্কে নিজের বিশেষ বোঝাপড়াকে কাজে লাগিয়ে নেতানিয়াহু একের পর এক মার্কিন প্রেসিডেন্টকে প্রভাবিত করে আসছেন। এর মধ্য দিয়ে ইসরায়েল এবং তাঁর ব্যক্তিগত রাজনৈতিক লক্ষ্যগুলোর প্রতি মার্কিন প্রেসিডেন্টদের অবিচল সমর্থন ধরে রাখার চেষ্টা করছেন তিনি। নেতানিয়াহু হয়তো আশা করছেন, ট্রাম্পের সঙ্গে বৈঠক সফল হলে তা ইসরায়েলে তাঁর জনপ্রিয়তা বাড়াতে ভূমিকা রাখবে। তবে তিনি এমন সময় যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন, যখন দেশটিতে তাঁর গ্রহণযোগ্যতা সম্ভবত আগের যেকোনো সময়ের তুলনায় সবচেয়ে কম। একটা সময় মনে হচ্ছিল, অতীতের সব মার্কিন প্রেসিডেন্টের তুলনায় ডোনাল্ড ট্রাম্পই ইসরায়েলের প্রতি, বিশেষ করে নেতানিয়াহুর প্রতি সবচেয়ে বেশি সহানুভূতিশীল। বিশেষ করে ট্রাম্প ইসরায়েলের সঙ্গে যৌথভাবে ইরানে আগ্রাসনে অংশ নিতে সম্মত হওয়ায় সেই ধারণা আরও জোরালো হয়েছিল। কারণ, তিনিই প্রথম কোনো মার্কিন প্রেসিডেন্ট, যিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। তবে এখন ইরানের বিরুদ্ধে যুদ্ধ স্থবির হয়ে পড়ায়, মধ্যপ্রাচ্যে ইসরায়েলের মতামত ছাড়াই ইরানের সঙ্গে সমঝোতায় যেতে ট্রাম্পের আগ্রহ বৃদ্ধি পাওয়ায় এবং যুক্তরাষ্ট্রে ইসরায়েলবিরোধী সমালোচনা তীব্র হওয়ায় সেই ধারণা নিয়ে সন্দেহ তৈরি হয়েছে। ইসরায়েলে এখন এমন ধারণা তৈরি হয়েছে, নেতানিয়াহুর ‘ট্রাম্পকার্ড’ আগের মতো আর কাজ নাও করতে পারে। এটি এমন সময় হয়েছে, যখন নেতানিয়াহু নিজেই নানা চাপের মধ্যে আছেন। কারণ, আগামী অক্টোবরের শেষ দিকে তাঁকে জাতীয় নির্বাচনে লড়তে হবে। একই সঙ্গে নিজ দেশে তাঁর বিরুদ্ধে দুর্নীতির মামলায় বিচার চলছে। এ ছাড়া মধ্যপ্রাচ্যের বেশ কয়েকটি সংঘাতের ঘটনা এখনো অমীমাংসিত। ‘ভুল বা সঠিক যাই হোক না কেন, যুক্তরাষ্ট্রে অনেকের ধারণা, নেতানিয়াহুই ট্রাম্পকে এমন একটি যুদ্ধে জড়িয়েছেন, যা এড়ানো সম্ভব ছিল। আর সেই যুদ্ধ শেষ পর্যন্ত কৌশলগত বিপর্যয়ে পরিণত হয়েছে। তাই এখন আর ট্রাম্পসহ কেউই তাঁকে সবচেয়ে বিচক্ষণ নেতা হিসেবে তুলে ধরার সুযোগ দেবেন না। সেই সময় শেষ হয়ে গেছে।’ আহরন ব্রেগম্যান, লন্ডনের কিংস কলেজের যুদ্ধবিষয়ক বিভাগের জ্যেষ্ঠ শিক্ষক এমন অবস্থায় নেতানিয়াহু ওয়াশিংটন সফর করছেন। গতকাল মঙ্গলবার তিনি ট্রাম্পের সঙ্গে বৈঠক করেছেন। ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরুর পর এটাই তাঁর প্রথম যুক্তরাষ্ট্র সফর। নেতানিয়াহুর এই সফরকে তাঁর জন্য নতুনভাবে নিজের ভাবমূর্তি গড়ে তোলার একটি সুযোগ হিসেবে বিবেচনা করা হচ্ছে। তিনি ট্রাম্পের সঙ্গে ছবি তুলে ইসরায়েলের জনগণকে দেখানোর সুযোগ খুঁজবেন, মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক এখনো আছে। ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরুর পর থেকেই নেতানিয়াহু ও ট্রাম্পের সম্পর্কে টানাপোড়েন বৃদ্ধি পেতে শুরু করে। বিভিন্ন প্রতিবেদনে বলা হয়, ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান সফল হওয়ার সম্ভাবনা আছে এবং ইরান সরকার ক্ষমতাচ্যুত হতে পারেড়এসব কথা বলে ট্রাম্পকে তেহরানে আগ্রাসন চালাতে রাজি করিয়েছিলেন নেতানিয়াহু। যুক্তরাষ্ট্রের কংগ্রেসেও নেতানিয়াহুকে নিয়ে উদ্বেগ বাড়ছে। কারণ, পশ্চিম তীরে ইসরায়েলি বসতি স্থাপনকারী গোষ্ঠীর প্রতি তাঁর নমনীয় অবস্থান নিয়ে সমালোচনা রয়েছে। এমনকি এসব বসতি স্থাপনকারীর হাতে বিচারবহির্ভূতভাবে একজন মার্কিন সিনেটরকে আটক করার ঘটনাও ক্ষোভের জন্ম দিয়েছে। এ ছাড়া যুক্তরাষ্ট্র ইসরায়েলের আঞ্চলিক প্রতিদ্বন্দ্বী তুরস্কের কাছে এফ-৩৫ যুদ্ধবিমান বিক্রির বিষয়টি বিবেচনা করা এবং সৌদি আরবের সঙ্গে পারমাণবিক সহযোগিতা চুক্তিতে সম্মত হওয়ায় দুই দেশের মধ্যে টানাপোড়েন আরও বেড়েছে। ইসরায়েলের সাবেক রাষ্ট্রদূত ও নিউইয়র্কে দেশটির সাবেক কনসাল জেনারেল অ্যালন পিঙ্কাস আল-জাজিরাকে বলেন, রাজনৈতিক স্বার্থ হাসিল করাটাই নেতানিয়াহুর এই ওয়াশিংটন সফরের আসল উদ্দেশ্য। তিনি দাবি করছেন, ঘনিষ্ঠ বন্ধু,



নেতানিয়াহু হয়তো আশা করছেন, ট্রাম্পের সঙ্গে বৈঠক সফল হলে তা ইসরায়েলে তাঁর জনপ্রিয়তা বাড়াতে ভূমিকা রাখবে। তবে তিনি এমন সময় যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন, যখন দেশটিতে তাঁর গ্রহণযোগ্যতা সম্ভবত আগের যেকোনো সময়ের তুলনায় সবচেয়ে কম।

## নতুন করে ব্যাপক সামুদ্রিক টহল বাড়িয়ে দিয়েছে চীন


আন্তর্জাতিক ডেস্ক:

তাইওয়ানের পূর্ব ?উপকূলবর্তী সাগরে নিজেদের কোস্টগার্ড ও বেসামরিক জলযানের উপস্থিতি ব্যাপকভাবে বাড়িয়ে দিয়েছে চীন। খবর আল-জাজিরার। সামরিক ও নিরাপত্তা বিশেষজ্ঞদের মতে, স্বশাসিত দ্বীপ তাইওয়ানকে বহির্বিশ্বের বাণিজ্য ও যেকোনো সাহায্য-সহযোগিতা থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করার লক্ষ্যে একটি “অবস্থানগত অবরোধের’ মহড়া দিচ্ছে বেইজিং। চীন সরকারের তথ্য অনুযায়ী, গত জুন ও জুলাই মাস জুড়ে চীনের মেরিটাইম সেফটি অ্যাডমিনিস্ট্রেশন এবং কোস্টগার্ড ওই অঞ্চলে একাধিক টহল ও ‘বিশেষ সামুদ্রিক আইন প্রয়োগকারী



“বেইজিং এর মাধ্যমে সংকেত দিচ্ছে যে, তারা তাদের দাবি করা প্রশাসনিক অঞ্চল তাইওয়ানের পূর্বাঞ্চলীয় জলসীমা পর্যন্ত সম্প্রসারিত করতে চায়। এর ফলে শুধু তাইওয়ান প্রণালিতে তাদের উপস্থিতি জাহির করাই নয়, বরং তারা তাইওয়ানকে কার্যকরভাবে ঘিরে ফেলতে চাচ্ছে।”

অভিযান’ পরিচালনা করেছে। চীন নিয়মিতভাবেই তাইওয়ান প্রণালিতে টহল দিয়ে থাকে- যা চীন থেকে তাইওয়ানকে পৃথককারী ১৮০ কিলোমিটার প্রশস্ত একটি জলপথ। তবে বিশ্লেষকদের মতে, এই প্রথমবার পরপর এত দ্রুত গতিতে তাইওয়ানের পূর্বদিকেও এ ধরনের সমন্বিত টহল বাড়াল বেইজিং। আল-জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের ‘ন্যাশনাল ব্যুরো অব এশিয়ান রিসার্চ’-এর অনাবাসিক ফেলো কে ট্রিস্টান টাং জানান, এই পরিবর্তনের কৌশলগত ও প্রতীকী- উভয় ধরনের গুরুত্বই রয়েছে। টাং বলেন, “বেইজিং এর মাধ্যমে সংকেত দিচ্ছে যে, তারা তাদের দাবি করা প্রশাসনিক অঞ্চল তাইওয়ানের পূর্বাঞ্চলীয় জলসীমা পর্যন্ত সম্প্রসারিত করতে চায়। এর ফলে শুধু তাইওয়ান প্রণালিতে তাদের উপস্থিতি জাহির করাই নয়, বরং তারা তাইওয়ানকে কার্যকরভাবে ঘিরে ফেলতে চাচ্ছে।” তাইপেইয়ের মতে, চীনের এই ‘আইন প্রয়োগকারী অভিযানের’ মধ্যে রয়েছে এলাকাটিতে টহল দেওয়া ও বাণিজ্যিক জাহাজগুলোর কাছে সেগুলোর উৎস ও গন্তব্য সম্পর্কে তথ্য চাওয়া। যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির মেরিটাইম ট্রান্সপারেন্সি প্রজেক্ট ‘সি লাইট’-এর পরিচালক রে পাওয়েল এই পদক্ষেপকে চীনের ‘বোয়া কনস্ট্রিক্টর স্ট্যাটেজি’ অজগরের মতো চেপে ধরার কৌশল বলে অভিহিত করেছেন। তিনি জানান, বেইজিং ধাপে ধাপে তাইওয়ানের ওপর চাপ বৃদ্ধি করছে। আল-জাজিরাকে পাওয়েল বলেন, “আজ তারা বাণিজ্যিক জাহাজ থামিয়ে রেডিওতে জিজ্ঞাসাবাদ করছে, কাল হয়তো তল্লাশি চালানো বা পথ ঘুরিয়ে দেওয়ার মতো কাজ শুরু করবে। তাইওয়ানের মতো দ্বীপ রাষ্ট্রের জন্য জ্বালানি (এলএনজি) সরবরাহ বন্ধ করে কোণঠাসা করা বেইজিংয়ের জন্য খুব বেশি কঠিন কিছু নয়।” তার মতে, চীনের এসব পদক্ষেপ তাইওয়ানের অর্থনীতি ও মনোবল গুঁড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে ডিজাইন করা হয়েছে, যাতে দ্বীপটির ২ কোটি ৩০ লাখ মানুষকে বোঝানো যায় যে চীনের অন্তর্ভুক্ত হওয়া তাইওয়ানের জন্য অনিবার্য। চলতি বছরের জুনে তাইওয়ান সংলগ্ন সাগরে অন্তত ৫৫টি চীনা কোস্টগার্ড ও গবেষণা জাহাজের উপস্থিতি শনাক্ত করেছে তাইপেই, যা মে মাসের (৩০টি) তুলনায় প্রায় দ্বিগুণ। চীনের এই আগ্রাসী মনোভাবের বিরুদ্ধে উদ্বেগ প্রকাশ করেছে যুক্তরাজ্য, জার্মানি ও ফ্রান্স। এক যৌথ বিবৃতিতে দেশগুলো জানায়, চীনের এই একতরফা পদক্ষেপ



ধসে পড়েছে উপাসনালয়। ইয়াতসুশিরো, কুমামোতো, জাপান ছবি: এএফপি

## ২১ কোটি বছর আগের ডাইনোসরের সন্ধান মিলল জিম্বাবুয়েতে

আন্তর্জাতিক ডেস্ক:

বিজ্ঞানীরা গতকাল বুধবার জানান, জিম্বাবুয়েতে নতুন আবিষ্কৃত একটি ডাইনোসর প্রজাতি এসব প্রাণীর বৈচিত্র্য ও বিবর্তন সম্পর্কে নতুন ধারণা দিচ্ছে। এই আবিষ্কার থেকে ধারণা করা যাচ্ছে যে, দক্ষিণ আফ্রিকার আলাদা আলাদা বাস্তুতন্ত্রে ডাইনোসররা আলাদাভাবে বিস্তার লাভ করেছিল। খবর বার্তা সংস্থা এএফপি’র। বিজ্ঞানীরা জানান, নতুন প্রজাতিটির নাম মুসাঙ্গো মাতুসাডোনেনসিস। গত ২০১৮ সালে উত্তর জিম্বাবুয়ের কারিবা হ্রদের তীরে খনন করে পাওয়া একটি কঙ্কালের ভিত্তিতে এই প্রজাতি শনাক্ত করা হয়েছে। এটি দেশটিতে শনাক্ত হওয়া পঞ্চম ডাইনোসর প্রজাতি। আন্তর্জাতিক জীবাশ্মবিদদের দল জানিয়েছে, প্রায় ২১ কোটি বছর আগে লেট ট্রায়াসিক যুগে এই ডাইনোসর পৃথিবীতে বসবাস করত। ওই সময় ডাইনোসররা পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়তে শুরু করেছিল, তবে তখনও তারা স্থলভাগের প্রধান প্রাণী হয়ে ওঠেনি। পরবর্তী যুগে বিবর্তিত বিশাল আকৃতির লম্বা গলার ডাইনোসরের তুলনায় মুসাঙ্গো ছিল অপেক্ষাকৃত ছোট ও হালকা গড়নের। এর দৈর্ঘ্য ছিল প্রায় ৪ দশমিক ৫ মিটার (১৫ ফুট) এবং ওজন আনুমানিক ২২২ কিলোগ্রাম (৪৯০ পাউন্ড)ড়্যা

# ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ১৩

**জাপানে শক্তিশালী ভূমিকম্প**

“এখনো অনেক মানুষ উদ্ধারের অপেক্ষায় আছেন, সময় দ্রুত চলে যাচ্ছে। সম্ভাব্য সর্বোচ্চসংখ্যক মানুষকে উদ্ধার করতে আমরা মাঠপর্যায়ে সব সম্পদ ও সক্ষমতা নিয়োজিত করেছি।”

আন্তর্জাতিক ডেস্ক:

জাপানের দক্ষিণাঞ্চলীয় শহর কুমামোটোর কাছে আঘাত হানা ৭ দশমিক ১ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ১৩ জনে দাঁড়িয়েছে। ধ্বংসস্তূপের নিচে আটকে পড়া জীবিতদের উদ্ধারে জোর তৎপরতা চালাচ্ছেন উদ্ধারকর্মীরা। দেশটির প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি এই তথ্য জানিয়েছেন। খবর কাঠমান্ডু পোস্টের। গতকাল বুধবার টোকিওতে নিজের কার্যালয়ে সাংবাদিকদের তিনি বলেন, “এখনো অনেক মানুষ উদ্ধারের অপেক্ষায় আছেন, সময় দ্রুত চলে যাচ্ছে। সম্ভাব্য সর্বোচ্চসংখ্যক মানুষকে উদ্ধার করতে আমরা মাঠপর্যায়ে সব সম্পদ ও সক্ষমতা নিয়োজিত করেছি।” ভূমিকম্পের পরদিন তিনি এসব তথ্য জানান। এর আগে নিহতের সংখ্যা ৩ জন বলে জানানো হয়েছিল। ভূমিকম্পের সবচেয়ে ভয়াবহ দৃশ্য দেখা গেছে কুমামোটো অঞ্চলের সবচেয়ে বড় শপিংমল ‘এওন’-এ। প্রায় ২০০টি দোকান থাকা এই শপিংমলটির একটি অংশ ভূমিকম্পের পরপরই ঘটে যাওয়া এক রহস্যজনক বিস্ফোরণে উড়ে যায়। এতে দুই নারী নিহত হন। স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে, গ্যাস বিস্ফোরণ থেকে এই ঘটনা ঘটেছে কি না তা খতিয়ে দেখছে কর্তৃপক্ষ। গতকাল বুধবার ভোরে শপিংমলটির ধ্বংসস্তূপ থেকে আটজনকে জীবিত উদ্ধার করা হয়। সরকারি প্রচারমাধ্যম এনএইচকে জানিয়েছে, গত মঙ্গলবার পর্যন্ত ওই শপিংমলের ২০ থেকে ৩০ জন কর্মী নিখোঁজ ছিলেন। ইমার্জেন্সি ফায়ার রেসকিউ টিম, পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা শপিংমলের যেসব অংশ থেকে সাহায্যের জন্য ফোন এসেছিল, সেগুলোকে মূল কেন্দ্র করে উদ্ধার অভিযান চালাচ্ছেন। ভূমিকম্পের আঘাতে অঞ্চলের হাজার হাজার ঘরবাড়ি বিদ্যুৎবিহীন হয়ে পড়েছে। একইসঙ্গে প্রধান মহাসড়কগুলোতে বড় ফাটল ধরায় যোগাযোগ ব্যবস্থা স্থবির হয়ে পড়েছে। তবে দুর্যোগের পূর্ণাঙ্গ ক্ষয়ক্ষতির চিত্র এখনো অস্পষ্ট। স্থানীয় এক কর্মকর্তা এনএইচকে-কে জানান, নিপ্পন পেপার ইন্ডাস্ট্রিজের একটি কারখানার চিমনি ধসে আরো সাতজন নিখোঁজ রয়েছেন এবং চারজন গুরুতর আহত হয়েছেন। এছাড়া হাসপাতালগুলোতে বহু আহত মানুষ চিকিৎসা নিচ্ছেন। কর্তৃপক্ষ জানিয়েছে, এক দশক আগেও প্রাণঘাতী ভূমিকম্পের শিকার হওয়া এই পুরো জেলাজুড়ে প্রায় ২ লাখ ৬০ হাজার মানুষকে আশ্রয়কেন্দ্রে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল কুমামোটো শহর থেকে প্রায় ২০ কিলোমিটার (১২ মাইল) দক্ষিণে। প্রায় ৭ লাখ জনসংখ্যার এই অঞ্চলটির মধ্য কিউশুর সবচেয়ে বড় শহর। যেসব এলাকায় বেশি তীব্র কম্পন অনুভূত হয়েছে, সেখানকার বাসিন্দাদের পরবর্তী এক সপ্তাহ ধরে আরো শক্তিশালী কম্পন এবং ভূমিধসের ঝুঁকিতে সতর্ক

স্পোর্টস

## খুব শিগগিরই দেশে ফিরব : সাকিব

দেশের ক্রিকেট থেকে যোজন যোজন দূরে অবস্থান করা সাকিব আল হাসান বর্তমানে খেলছেন লঙ্কা প্রিমিয়ার লিগে (এলপিএল)। এই টুর্নামেন্ট চলাকালেই নেপাল প্রিমিয়ার লিগেও দল পেয়েছেন টাইগার অলরাউন্ডার। সবকিছু ঠিকঠাক থাকলে এলপিএল শেষ করেই নেপালের উদ্দেশ্যে পাড়ি জমাবেন তিনি। বিভিন্ন লিগে ব্যস্ত সময় পার করলেও বিভিন্ন জটিলতায় দেশে ফেরা হচ্ছে না সাকিব আল হাসানের। জাতীয় দলে খেলা তো দূরের কথা দেশের ঘরোয়া টুর্নামেন্টগুলোতেও অংশ নেওয়া সম্ভব হচ্ছে না। তবে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি হিসেবে তামিম ইকবাল দায়িত্ব নেওয়ার পর সাকিবের দেশে ফেরার ব্যাপারে আশাবাদী ছিলেন অনেকে। কিন্তু দীর্ঘদিনের বন্ধু এবং সাবেক সতীর্থ দায়িত্বে থাকার পরও এখনও সাকিবকে দেশে ফেরানোর ব্যাপার কোনো পদক্ষেপ নিতে পারেননি তামিম।





# নাহিদ রানার দীর্ঘশ্বাস কতটা লম্বা হবে

ক্রীড়া প্রতিবেদক

মাশরাফি বিন মুর্তজা, তাসকিন আহমেদ, ইবাদত হোসেনড় বাংলাদেশের পেস বোলিংয়ে গতির স্বপ্ন দেখিয়েছেন তাঁরাও। টেস্টে জোরে বল করতে পারেন, বাউন্সারে ব্যাটসম্যানদের অস্বস্তিতে ফেলে দেওয়ার সামর্থ্য আছেড়এমন পেসাররাই কার্যকরী হন বেশ।

কিন্তু চোটের কারণে মাশরাফির টেস্ট ক্যারিয়ার শেষ হয়ে যায় আন্তর্জাতিক ক্রিকেট ছাড়ার অনেক আগেই। আন্তর্জাতিক ক্রিকেট খেলেছেন ২০২০ সাল পর্যন্ত, আর শেষ টেস্ট ২০০৯ সালে। তবে এখনো মাশরাফিই টেস্টে বাংলাদেশের সর্বোচ্চ উইকেটশিকারি। তাসকিন, ইবাদত চোটআঘাতের সঙ্গে লড়াই করে টিকে আছেন এখনো।

> টেস্ট দলে নাহিদ রানার প্রভাব কতটা, সেটি আরও স্পষ্ট হবে ছোট্ট একটা পরিসংখ্যান দিলেই। মাত্র দুই বছরের ক্যারিয়ারে ১২টি টেস্ট খেলেই নাহিদ রানা এখন একটি তালিকার এক নম্বরে। বাংলাদেশ জিতেছে এমন টেস্টে পেসারদের মধ্যে সবচেয়ে বেশি ২৬টি উইকেট তাঁর।

তাসকিন এখনো তিন সংস্করণে খেললেও খেলেন বেছে বেছে। এসিএলের চোটে পড়া ইবাদত প্রায় দেড় বছর দৌড়াতেই পারেননি, লাঠিতে ভর দিয়ে চলাফেরা করতেন। ফেরার পর ইবাদতের গতি কমে গেছে, কমেছে বোলিংয়ের ধারও। এদিকে আবার নাহিদ রানার উত্থান; সব মিলিয়ে টেস্ট দলে এখন আর ইবাদতের জায়গা পাকা নয়।

দীর্ঘদেহী নাহিদ রানার উচ্চতা ৬ ফুট ২ ইঞ্চি, বলে গতি তুলতে পারেন দেড় শ কিমির আশপাশে। বাউন্সার মারতে পারেন, রিভার্স সুইংটাও শিখে গেছেন অল্প সময়ের মধ্যেই।

টেস্ট দলে নাহিদ রানার প্রভাব কতটা, সেটি আরও স্পষ্ট হবে ছোট্ট একটা পরিসংখ্যান দিলেই। মাত্র দুই বছরের ক্যারিয়ারে ১২টি টেস্ট খেলেই নাহিদ রানা এখন একটি তালিকার এক নম্বরে। বাংলাদেশ জিতেছে এমন টেস্টে পেসারদের মধ্যে সবচেয়ে বেশি ২৬টি উইকেট তাঁর।

বলে গতির ঝড় তুলে সাম্প্রতিক সিরিজগুলোতে রীতিমতো হইচই ফেলে দিয়েছেন নাহিদ রানা। সেই হইচই অবশ্য এখন দীর্ঘশ্বাসে বদলে গেছে। ২৩ বছরের দীর্ঘ অপেক্ষার পর বাংলাদেশ দল অস্ট্রেলিয়ায় যাচ্ছে টেস্ট খেলতে। কিন্তু চোট নাহিদকে ছিটকে দিয়েছে স্বপ্নের এই সিরিজ থেকে।

বাংলাদেশ দল অস্ট্রেলিয়ায় যাবে, অথচ দলের সেরা পেসারই যাচ্ছেন না সেই সফরে! কয়েক দিন ধরে ক্রিকেটসংশ্লিষ্ট সবার কথায়ই তাই ঘুরেফিরে আসছে নাহিদের জন্য আফসোস। তাঁর না থাকা মানে তো দলে সবচেয়ে বড় বোলিং অস্ত্রটারই না থাকা! সামাজিক যোগাযোগমাধ্যমে চোখ রাখলে তো এও দেখা যাচ্ছে, বাংলাদেশ দলে নাহিদ নেই বলে আফসোস করছেন অস্ট্রেলিয়ার সমর্থকেরাও।

অস্ট্রেলিয়ার সমর্থকদের আফসোসটা মূলত ভালো একজন পেসারের গতির ঝড় দেখা হবে না বলেই। আর বাংলাদেশের আফসোস দলের 'এক্স ফ্যাক্টর'কেই হারিয়ে ফেলার। যেটা বাংলাদেশকে ভোগাতে পারে ম্যাচেও। সর্বশেষ জিম্বাবুয়ের বিপক্ষে একমাত্র টেস্টেও যেমন বিশ্রামে থাকা নাহিদ রানার অভাব বোধ করেছে বাংলাদেশ। হারারেতে স্বাগতিকদের জমে যাওয়া জুটি ভেঙে দেওয়ার মতো কাউকে পাওয়া যায়নি।

অস্ট্রেলিয়ার বিপক্ষে ওই অভাবটা আরও বেশি বোধ করতে পারে বাংলাদেশ। তাসকিনহাসান মাহমুদ যদি শুরুতে ধাক্কা দেনও, বড় জুটি জমে গেলে নাহিদকেই হয়তো সবার আগে মনে পড়বে অধিনায়ক নাজমুল হোসেনের। যার একটা 'ম্যাজিক মোমেন্টে'ই বাংলাদেশ ফিরতে পারে ম্যাচে। গত কয়েক বছরে ধারাবাহিকভাবে উন্নতি করা বাংলাদেশের পেস বোলিং বিভাগের জন্য অস্ট্রেলিয়ার এই সফর স্বপ্নের মতোই। আর সেই স্বপ্নের কেন্দ্রে ছিলেন নাহিদ। গত কয়েক দশক ধরে অস্ট্রেলিয়ার পেসারদের আধিপত্যে কাবু হয়ে আছে সব দল। সেখানকার উইকেট, কন্ডিশনড়সবকিছুই পেসারদের নিজেদের প্রমাণ করার জন্য আদর্শ জায়গা। চোটে পড়ার আগ পর্যন্ত নাহিদ যে রকম ফর্মে ছিলেন; তাঁর জন্য আদর্শ একটা সিরিজই হতো এটা। ডারউইনম্যাকাইয়ে নিজের সামর্থ্যের জানান আরও জোরালোভাবে দিতে পারতেন তিনি। অস্ট্রেলিয়ায় খেলতে পারবেন না বলে নাহিদ রানার দীর্ঘশ্বাসটা অন্য কারণেও বড় হতে পারে। অস্ট্রেলিয়ার মাটিতে বাংলাদেশ প্রথম ও সর্বশেষ টেস্ট সিরিজ খেলেছে ২০০৩ সালে। সেখানে টেস্ট খেলতে এরপর আবার যাচ্ছে এবারই। মাঝে চলে গেছে ২৩টি বছর, চলে গেছে বাংলাদেশের ক্রিকেটের একটা প্রজন্মই। এবারের পরও যদি বাংলাদেশ দলের অস্ট্রেলিয়ায় গিয়ে টেস্ট খেলায় ও রকমই লম্বা বিরতি পড়ে, নাহিদ কি তাঁর ক্যারিয়ারে পাবেন আরেকটি অস্ট্রেলিয়া সিরিজ? বা আগামী বছর নতুন ভবিষ্যৎ সফর পরিকল্পনায় যদি বাংলাদেশের অস্ট্রেলিয়ায় টেস্ট সিরিজ থাকেও, তিনি কি থাকবেন এখনকার মতো ? এসব প্রশ্নই এবারের অস্ট্রেলিয়া সফরের দলের নাহিদের অনুপস্থিতি আক্ষেপটা আরও বাড়িয়ে দিচ্ছে। ইয়ান বিশপ তো আর এমনি এমনি বলেননি, 'অন্য অনেক ক্রিকেটপ্রেমীর মতো, আমিও নাহিদ রানাকে অস্ট্রেলিয়ায় বোলিং করতে দেখতে মুখিয়ে ছিলাম!'



## এলপিএলে ব্যাট হাতে ঝড় তুললেন হৃদয়

ক্রীড়া প্রতিবেদক

১১ বল বাকি থাকতে ক্রিজে গিয়ে যা করা দরকার ছিল, লঙ্কা প্রিমিয়ার লিগের (এলপিএল) ম্যাচে তাই করলেন তাওহীদ হৃদয়। যদিও এর মধ্যে তার ভাগে পড়েছে ৮ বল। সেটাকেই যথেষ্ট বানিয়ে চার ছক্কা ও একটি চারে এই বাংলাদেশি তারকা ৩১ রান তুললেন। তার ৩৮৭.৫ স্ট্রাইকরেটের ঝড়েই দলীয় সংগ্রহ দুইশ পেরিয়ে জিতল জাফনা কিংস। আগের ম্যাচে তিনে নেমে হৃদয় এক ছক্কা ও দুটি চারে ২১ বলে ৩৫ রান করেছিলেন। কিন্তু গত মঙ্গলবার আগের ব্যাটাররা ভালো করতে না পারায় তার ব্যাটিং পজিশন বদলে ছয়ে পরিণত হয়। তবে ওই সময়ে নেমেই কলম্বো ক্যাপসের বিপক্ষে তাণ্ডব চালালেন হৃদয়। যাতে ভর করে ৫ উইকেটে ২০২ রান তোলে জাফনা, তাও অবশ্য যথেষ্ট মনে হচ্ছিল না। শেষমেষ দিলশান মাদুশঙ্কার নৈপুণ্যে তারা ১৯ রানের দূরত্বে থামায় কলম্বোকে। এর আগে টস হেরে ব্যাটিংয়ে নেমে ৭ বলে স্রেফ ২ রান করে আউট আভিষ্কা ফার্নান্দো। কামিল মিশারা ও ইব্রাহিম জাদরান মিলে ৫০ রানের জুটি গড়ে সেই বিপদ সামলান। যদিও ৬ রান বাকি পুরোটাই এলো মিশারার ব্যাটে। আফগান তারকা কার্যত সুবিধা করতে পারছিলেন না। তার শ্রীলঙ্কান সতীর্থ ১৯ বলে ৬ চার ও ২ ছক্কায় ৪৪ রান করেন। এরপর রানের চাকা মন্থর হয়ে যায় ইব্রাহিম ও দুনিথ ভেল্লালাগের ম্যাড়ম্যাড়ে ব্যাটিংয়ে।

উপায় না দেখে ১৯ বলে ১৭ রান করা ভেল্লালাগেকে তুলে নেয় জাফনা। এরপর ২ বলে ১ রান করা ভানুকা রাজাপাকসে আউট হলে নামেন হৃদয়। সিঙ্গেল দিয়ে শুরু, শেষ ওভারে তোলেন ঝড়। মাঝে রানআউট হয়েছেন ধীরগতির ব্যাটিংয়ে খাবি খেয়ে শেষদিকে পুষিয়ে নিতে চাওয়া ইব্রাহিম। তিন ছক্কা ও ১২ চারে তিনি ৬৫ বলে ৯৫ রান করেছেন। হৃদয় শেষ ওভারের প্রথম বলে লেগ সাইড দিয়ে ছক্কা মারেন। শাহনেওয়াজ দাহানির দ্বিতীয় ডেলিভারি ছিল ফুল লেংথে, যা বাংলাদেশি তারকা লং অন দিয়ে ওড়ালেন। এরপর, অফ স্টাম্পের অনেক বাইরের ইয়র্কার ডেলিভারিটি ব্যাকওয়ার্ড পয়েন্টের ওপর দিয়ে সীমানার বাইরে ফেলেন হৃদয়। টানা তিন ছক্কা মারার পর, নিচু ফুলটসে টাইমিং ঠিকমতো করতে পারেননি। তবে জীবন পেলেন লং অফে, সহজ ক্যাচ ফেলেন থারুপাথি, আসে দুটি রান। অফ স্টাম্পের বাইরে ওভারের পঞ্চম বলটি আগেই জায়গা বানিয়ে চোখধাঁধানো শটে কাভারের ওপর দিয়ে আরেকটি ছক্কা হৃদয়ের। শেষ বলে অফ স্টাম্পের বাইরের শর্ট বলে ব্যাকওয়ার্ড পয়েন্ট দিয়ে চার মারেন তিনি। ৩১ রানে অপরাজিত থেকে জাফনার সংগ্রহ তিনি দুইশ পেরিয়ে দেন। ব্যাটিংয়ে নামতে হয়নি সাকিব আল হাসানকে। পরে বল হাতে উইকেটশূন্য থাকলেও ৩ ওভারে ২৭ রান দেন সাবেক এই বিশ্বসেরা অলরাউন্ডার। তবে কলম্বোর ঝড় থামাতে প্রধান ভূমিকা ছিল মাদুশঙ্কার। ৪ ওভারে তিনি ৩০ রানে ৩ উইকেট নেন। কলম্বোর পক্ষে সর্বোচ্চ ৪৪ রান করেন সাদিরা সামারাবিক্রমা। তার দল ৯ উইকেটে ১৪৩ রান তোলে। ১৯ রানে জিতে জাফনা পয়েন্ট টেবিলের দুইয়ে উঠেছে।

বিদায় নেইমার

## জাতীয় দলে আর ফিরছেন না নেইমার

ক্রীড়া প্রতিবেদক

২০২৬ বিশ্বকাপে ব্রাজিলের দৌড় থেমেছিল শেষ ষোলোয় নরওয়ের কাছে ২-১ গোলে হেরে। নেইমার জুনিয়রের একমাত্র গোলটি কেবল সেলেসাওদের হারের ব্যবধান কমিয়েছে। এরপরই কাঁদতে কাঁদতে মাঠ ছাড়া এই তারকা অবসরের ইঙ্গিত দেন। তবুও যদি-কিন্তু মেলাচ্ছেন অনেকে। নেইমার অবশ্য নিজের পুরোনো সিদ্ধান্তেই অটুট, জানিয়েছেন জাতীয় দলে তার অধ্যায় শেষ। গত মঙ্গলবার কোপা সুদামেরিকানায় ভেনেজুয়েলার ইউনিভার্সিদাদ সেন্ট্রালকে ৪-২ গোলে হারিয়েছে সান্তোস। এরপর মিক্সড জোনো জাতীয় দলে নিজের ভবিষ্যৎ নিয়ে কথা বলেছেন নেইমার। এ সময় ৩৪ বছর বয়সী তারকা বলেন, 'জাতীয় দলের সঙ্গে আমার পথচলা শেষ। আমি ইতিহাস গড়েছি, অনেক ভালো মুহূর্ত পেয়েছি। হলুদ জার্সির জন্য নিজের রক্ত, জীবন সবকিছু উজাড় করে দিয়েছি। কিন্তু এখন আর চালিয়ে যেতে চাই না।' এমন ঘোষণা মূলত ব্রাজিলের হয়ে সর্বকালের সর্বোচ্চ গোলদাতার অধ্যায়ে চূড়ান্ত সীলমোহর দিয়ে দিলো। ফলে এখন কেবল নিজের ক্লাব ক্যারিয়ারেই মনোযোগ দিতে পারবেন নেইমার। পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের হয়ে তিনি ১৩০ ম্যাচে ৮০ গোল ও ৫৯ অ্যাসিস্ট করেছেন। এর আগে ২০১০ সালে ১৮ বছর বয়সে জাতীয় দলে অভিষেক হয় তার। যুক্তরাষ্ট্রের বিপক্ষে প্রীতি ম্যাচ দিয়ে তিনি মেটলাইফ স্টেডিয়ামে প্রথমবার ব্রাজিল সিনিয়র দলের হলুদ জার্সি গায়ে জড়ান। সেখানেই দিয়েছিলেন বিদায়ের ইঙ্গিত। শেষ ষোলোয় নরওয়ের বিপক্ষে হেরে বিশ্বকাপ যাত্রা শেষ হওয়ার পর নেইমার ব্রাজিলের গ্লোভো টিভিকে দেওয়া সাক্ষাৎকারে বলেছিলেন, 'বিশ্বকাপ জয়ের স্বপ্নের ইতি ঘটেছে। এখন সব শেষ। আমি চেষ্টা করেছি, সত্যিই চেষ্টা করেছি। এখন সব শেষ। এখানেই আমার শুরু হয়েছিল।





## শরীরে কোচের বিশেষ ট্যাটু করিয়ে প্রতিশ্রুতি রাখলেন কুকুরেয়া

খেলা ডেস্ক

> কুকুরেয়া ঠিক সিদ্ধান্ত নিয়েছেন কি না, তা নিয়ে তাঁর সন্দেহ ছিল। তবে স্পেন কোচ জানতেন, প্রতিশ্রুতি দিলে কুকুরেয়া তা রাখবেনই। দে লা ফুয়েন্তে বলেন, 'ওরা ভুল করেছে।

১৬ বছর পর জার্সিতে দ্বিতীয় তারকা যোগ করতে পেরেছে স্পেন। সেই উচ্ছ্বাস যেমন এখনো চলছে, তেমনি শুরু হয়েছে প্রতিশ্রুতি রাখার পালাও। বিশ্বকাপ জিততে পারলে বিশেষ কিছু করবেন বলে আগেই জানিয়েছিলেন ফেরান তোরেস, পেদ্রি, গাভি ও লামিনে ইয়ামাল। তবে এখন পর্যন্ত কথা রেখেছেন শুধু মার্ক কুকুরেয়া। প্রতিশ্রুতি অনুযায়ী কুকুরেয়া নিজের বাহুতে স্পেন কোচ দে লা ফুয়েন্তের ট্যাটু করিয়েছেন। কুকুরেয়া আগেই জানিয়েছিলেন, ট্যাটুটি আকারে ছোট হবে। তবে সেটি এমনভাবে করা হবে, যাতে সহজেই নজরে পড়ে। জাতীয় দলের দ্বিতীয় বিশ্বকাপ জয়ের স্মৃতি ধরে রাখতে এটি নিশ্চিতভাবে তাঁর জীবনের সবচেয়ে বিশেষ স্মারকগুলোর একটি। কুকুয়েরার ট্যাটুটি করেছেন ট্যাটু আর্টিস্ট গাঙ্গা, যিনি এই পেশায় অন্যতম সেরা। তাঁর গ্রাহকদের মধ্যে আছেন লেব্রন জেমস, কার্লোস আলকারাজ ও জর্জিনা রদ্রিগেজরা। কুকুরেয়া সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের নতুন ট্যাটুর একটি ছবি প্রকাশ করেছেন। সেখানে ক্যাপশনে লিখেছেন, 'প্রতিশ্রুতি রেখেছি।' ট্যাটুটি বিশ্বকাপের ট্রফি হাতে স্পেন কোচ লুইস দে লা ফুয়েন্তের। কুকুরেয়ার ইনস্টাগ্রাম পোস্টে স্পেন সতীর্থ মিকেল মেরিনো মন্তব্য করেন,'ঐতিহাসিক।' আর স্পেনের টেনিস তারকা কার্লোস আলকারাজ লিখেছেন, 'দারুণ!' এর আগে বিশ্বকাপ ফাইনালে আর্জেন্টিনাকে হারানোর পর সংবাদ সম্মেলনে কুকুরেয়ার প্রতিশ্রুতির বিষয়ে দে লা ফুয়েন্তের কাছে জানতে চাওয়া হলে তিনি হাস্যরসের সঙ্গে বলেছিলেন, কুকুরেয়া ঠিক সিদ্ধান্ত নিয়েছেন কি না, তা নিয়ে তাঁর সন্দেহ ছিল। তবে স্পেন কোচ জানতেন, প্রতিশ্রুতি দিলে কুকুরেয়া তা রাখবেনই। দে লা ফুয়েন্তে বলেন, 'ওরা ভুল করেছে। তবে ওরা খুবই দায়িত্বশীল মানুষ, তাই কথা রাখবেই। আমি ওদের জিজ্ঞেসও করেছিলাম, "তোমরা ভুল করছ না তো?" ওরা করেছে, কিন্তু শেষ পর্যন্ত এটা উপভোগই করবে।' বিশ্বকাপে দুর্দান্ত পারফরম্যান্স উপহার দেওয়ার পর এখন প্রাপ্য ছুটিটা উপভোগ করছেন কুকুরেয়া। ছুটি শেষে তিনি যোগ দেবেন রিয়াল মাদ্রিদে। নতুন মৌসুমের প্রস্তুতি নিতে শিগগিরই দলের প্রাক্?-মৌসুম অনুশীলনে অংশ নেবেন এই কাতালান ফুটবলার। বিশ্বকাপের আগেই সাবেক চেলসি এই ডিফেন্ডার দুর্দান্ত একটি প্রিমিয়ার লিগ মৌসুম কাটিয়েছেন। রক্ষণে 'ব্লুজ'দের অন্যতম ভরসা ছিলেন। একই সঙ্গে বাঁ প্রান্ত দিয়ে আক্রমণেও হয়ে উঠেছিলেন ভয়ংকর কার্যকর, মৌসুমজুড়ে সতীর্থদের দিয়ে করিয়েছেন পাঁচটি গোল।

## হারের রেকর্ড গড়লো পাকিস্তান

ক্রীড়া প্রতিবেদক



বিদেশের মাটিতে পাকিস্তানের হারের বৃত্ত যেন ভাঙছেই না। ওয়েস্ট ইন্ডিজের পেস আক্রমণের সামনে এবার নতজানু হলো বাবর আজমের দল। তারুবা টেস্টে ২১১ রানের লক্ষ্য তাড়া করতে নেমে দ্বিতীয় ইনিংসে মাত্র ১২০ রানে অলআউট হয়েছে পাকিস্তান। ফলে ৯০ রানের বড় ব্যবধানে ম্যাচ হেরেছে সফরকারীরা। এই হারের সঙ্গে পাকিস্তানের নামের পাশে যুক্ত হয়েছে লজ্জার আরেকটি রেকর্ড। বাংলাদেশসহ বিদেশের মাটিতে টানা আট টেস্টে পরাজয়ের তিক্ত স্বাদ পেল তারা। গত মে মাসে বাংলাদেশে এসে ২-০ ব্যবধানে হেরেছিল পাকিস্তান। এবার ক্যারিবি-য়ানদের মাটিতে সিরিজের প্রথম টেস্ট হেরে বসল বাবর-রিজওয়ানরা। ২১১ রানের লক্ষ্য নিয়ে চতুর্থ ইনিংসে ব্যাট করতে নেমেই বিপদে পড়ে পাকিস্তান। মধ্যাহ্ন বিরতির আগেই হারায় তিন উইকেট। এক প্রান্তে দাঁড়িয়ে লড়াইয়ের চেষ্টা করেন বাবর আজম, কিন্তু অন্য প্রান্তে নিয়মিত বিরতিতে উইকেট হারানোয় চাপ কাটিয়ে উঠতে পারেনি দল। এর আগে চতুর্থ দিনের শুরুতে ওয়েস্ট ইন্ডিজ নিজেদের দ্বিতীয় ইনিংসে লিড বাড়ানোর লক্ষ্য নিয়ে মাঠে নামে। আগের দিন ৭ উইকেটে ৯৩ রান নিয়ে দিন শেষ করা ক্যারিবী-য়রা সকালে শামার জোসেফ ও কেমার রোচের ব্যাটে আরও গুরুত্বপূর্ণ রান যোগ করে। পাকিস্তানের গা ছাড়া ভাবের সুযোগ নিয়ে লিড বড় করে স্বাগতিকরা। আক্রমণাত্মক ব্যাটিং চালিয়ে যান জোসেফ। খুররম শাহজাদের বলে ছক্কা হাঁকিয়ে দিনের অন্যতম সেরা শট খেলেন তিনি। শেষ পর্যন্ত মোহাম্মদ আলির বলে বোল্ড হওয়ার আগে রোচের সঙ্গে গড়েন ৬১ রানের জুটি। এরপর শেষ দুই উইকেটে আরও ২৭ রান যোগ করে ১৮১ রানে থামে ওয়েস্ট ইন্ডিজের দ্বিতীয় ইনিংস। পাকিস্তানের হয়ে মোহাম্মদ আব্বাস নেন ৫ উইকেট। তবে ম্যাচের নিয়ন্ত্রণ পুরোপুরি চলে যায় পাকিস্তানের দ্বিতীয় ইনিংসে। শুরু থেকেই নিখুঁত লাইন-লেন্থে বল করে কেমার রোচ ও জেইডেন সিলস। ইমাম-উল-হক, আজান আওয়াইস ও সালমান আলী আগাকে ফিরিয়ে পাকিস্তানকে বড় ধাক্কা দেন সিলস। প্রথম ইনিংসে দারুণ বোলিং করা জাস্টিন গ্রিভসও দ্বিতীয় ইনিংসে নিজের সামর্থ্যের প্রমাণ দেন। মোহাম্মদ রিজওয়ানের অফ স্টাম্প উড়িয়ে দেন তিনি। পরে আমের জামালকে এলবিডব্লিউ করে পাকিস্তানের বিপর্যয় আরও বাড়িয়ে দেন। আঙুলের চোটের কারণে স্বাভাবিক ব্যাটিং অর্ডারে নামতে পারেননি শান মাসুদ। পরে আট নম্বরে নেমেও দলের জন্য বড় কিছু করতে পারেননি তিনি। এক হাতে ব্যাটিং করতে নেমে মাত্র ৩ রান করে ফিরতে হয় তাকে। শেষ দিকে বাবর আজম ও মোহাম্মদ আব্বাস কিছুটা প্রতিরোধ গড়েন। বাবর পূর্ণ করেন নিজের ৩২তম টেস্ট অর্ধশতক। আব্বাসও ২৩ রানের আক্রমণাত্মক ইনিংস খেলেন। তবে তাদের লড়াই শুধু হারের ব্যবধান কমিয়েছে, বদলাতে পারেনি ম্যাচের ফল।

চতুর্থ দিনের চা বিরতির পর দ্বিতীয় বলেই আব্বাসকে এলবিডব্লিউ করে নিজের পঞ্চম উইকেট পূর্ণ করেন জেইডেন সিলস। তাতেই ১২০ রানে গুটিয়ে যায় পাকিস্তানের ইনিংস। অধিনায়ক বাবর আজম ৫৮ রানে অপরাজিত থেকে দলের আরেকটি পরাজয়ের সাক্ষী হলেন।